আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

……

আর আহলে কিতাবদের এবং
নিরক্ষরদের বলে দাও যে, তোমরাও
কি আত্মসমর্পণ করেছ?

সূরা আল ইমরান- ২০

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ২৭ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ০৯ রমজান ১৪৪৭ ॥ ১৪ ফাল্গুন ১৪৩২ ॥ ৯ম বর্ষ ॥ ২৮৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত বন্ধন
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

দেশটাকে জ্ঞানের আলোয় আলোকিত করতে চায় সরকার

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, ফ্যাসিবাদমুক্ত বাংলাদেশে জনগণের সরাসরি ভোটে নির্বাচিত

২ এর পাতায় দেখুন

চাঁদাবাজি নির্মূল ও ১০-১৫ বছরের বাজার সিন্ডিকেট ভেঙে দিতে কাজ চলছে

কীর্তনখোলা ডেস্ক

দ্রব্যমূল্য যাতে কৃত্রিমভাবে বাড়ানো না হয় এবং এ খাতে দীর্ঘ ১০-১৫ বছরের সিন্ডিকেট ভেঙে দেওয়া যায়- সে লক্ষ্যে কাজ

২ এর পাতায় দেখুন

ঋণ পুনঃ তফসিলের সুবিধাভোগীকে ব্যাংকিং খাতের নিয়ন্ত্রক করলে প্রশ্ন উঠবেই

কীর্তনখোলা ডেস্ক

ঋণ পুনঃ তফসিলের সুবিধাভোগী একজন ব্যক্তিকে কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্বে নিয়োগ দেওয়ায় স্বার্থের সংঘাত ও ব্যাংকিং

২ এর পাতায় দেখুন

নতুন হিসাবে গণভোটের ভোটার কমল প্রায় ১১ লাখ

কীর্তনখোলা ডেস্ক

'জুলাই জাতীয় সনদ' বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত গণভোটের ফলাফলে বড় ধরনের সংশোধনী এনেছে নির্বাচন কমিশন

২ এর পাতায় দেখুন

বরিশাল আইনজীবী সভাপতির মুক্তির দাবিতে আদালত বর্জন, ভোগান্তিতে বিচারপ্রার্থীরা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনের মুক্তিসহ তিন দাবিতে বৃহস্পতিবার থেকে জেলার সব আদালত বর্জন করছেন আইনজীবীরা। এতে হাজিরা, জামিন ও মামলার শুনানির জন্য আসা বিচারপ্রার্থীরা চরম ভোগান্তিতে পড়েছেন। বৃহস্পতিবার সকালে বরিশাল জেলা জজ আদালত প্রাঙ্গণে গিয়ে দেখা যায়, মানুষ জমতে শুরু করেছে। হাতে ফাইল, পকেটে হাজিরার কাগজ। কেউ বারান্দার এক কোণে বসে অপেক্ষা করছেন। সকাল গড়িয়ে দুপুর, দুপুর গড়িয়ে বিকেল হলেও আদালতের ভেতর ঢোকার ডাক আসেনি। এজলাস খোলা, বিচারকও উপস্থিত, কিন্তু আইনজীবী নেই। ফলে বিচার কার্যক্রম প্রায় থেমে আছে। বরিশাল জেলা আইনজীবী সমিতির সাবেক সাধারণ সম্পাদক কাজী মনিরুল হাসান বলেন, 'আসন্ন ঈদের আগে সাধারণত জামিনযোগ্য মামলাগুলোতে জামিন দেওয়া হয়। কিন্তু আদালতে ঘটে যাওয়া অপ্রীতিকর ঘটনার কারণে গ্রেপ্তাররা জামিন পাচ্ছেন না। ফলে বিচারপ্রার্থীরা চরম ভোগান্তিতে পড়েছে।' একাধিক জ্যেষ্ঠ আইনজীবী নাম প্রকাশ না করার

২ এর পাতায় দেখুন

১৩ ঘণ্টার ব্যবধানে ভূমিকম্পে দুইবার কাঁপলো দেশ

কীর্তনখোলা ডেস্ক

প্রায় ১৩ ঘণ্টার ব্যবধানে দেশের বিভিন্ন এলাকায় আবারও ভূমিকম্প অনুভূত হয়েছে। বৃহস্পতিবার দুপুর ১২টা ৪ মিনিট ৫ সেকেন্ডে এই ভূকম্পন অনুভূত হয়। রিখটার স্কেলে ৩ দশমিক ৮ মাত্রার ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ভারতের সিকিমে। ইন্ডিয়ান মিটিওরোলজিকাল ডিপার্টমেন্টের (আইএমডি) বরাত দিয়ে ইউরোপীয়-ভূমধ্যসাগরীয় ভূমিকম্প কেন্দ্র (ইএমএসসি) ইএমএসসি জানায়, ভূপৃষ্ঠ থেকে ভূমিকম্পটির গভীরতা ছিল ১০ কিলোমিটার। জানা গেছে, ভূমিকম্পের উৎপত্তিস্থল সিকিমে হলেও এর প্রভাবে জলপাইগুড়ি, দার্জিলিং এবং শিলিগুড়ির বেশ কিছু অংশে মৃদু কম্পন অনুভূত হয়। তবে তীব্রতা কম থাকায় এখন পর্যন্ত কোনো ক্ষয়ক্ষতির খবর

২ এর পাতায় দেখুন

বরিশালের ১২ আইনজীবীর সনদ বাতিলের সুপারিশ

কীর্তনখোলা রিপোর্ট

জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বরিশাল বারের আইনজীবী তালুকদার ইউনুসের জামিনের প্রতিবাদে এজলাসে বিচারকের সাথে হট্টগোলের ঘটনায় ১২ আইনজীবীর সনদ বাতিলের সুপারিশ করেছে তদন্ত কমিটি। বরিশাল যুগ্ম মহানগর দায়রা জজ আবদুল্লাহ আল ইউসুফ ও অতিরিক্ত মহানগর দায়রা জজ মো. মিল্টন হোসেন এ সুপারিশপত্র ঢাকায় পাঠিয়েছেন। সেই সাথে ব্যবস্থা নিতে সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল বরাবরে আবেদন করা হয়েছে। অপরদিকে বরিশালের চিফ

২ এর পাতায় দেখুন

বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতির মুক্তির দাবীতে আদালত বর্জন চলাকালে অলস সময় পাড় করছেন আইনজীবীরা -কীর্তনখোলা

রমজানের শিক্ষা: সময়ের গুরুত্ব ও ইবাদতে একাগ্রতা

মাওলানা মোহাম্মদ ইউসুফ

পবিত্র মাহে রমজানের আজ ৯ম দিবস। রমজান আমাদের সময়ের প্রতিটি মুহূর্তকে যথাযথভাবে কাজে লাগানোর এক অনন্য শিক্ষা দেয়। সেহরি থেকে ইফতার এবং ইফতার থেকে তারাবীহ পুরো দিনটিই যেন একটি সুশৃঙ্খল রুটিনে বাঁধা। মুমিনের জীবনে সময়ের মূল্য অপরিসীম, কারণ নষ্ট হওয়া সময় আর কখনো ফিরে আসে

২ এর পাতায় দেখুন

মন্ত্রিসভার প্রথম বৈঠক

১২ লাখ কৃষকের কৃষিঋণ মওকুফের সিদ্ধান্ত

কীর্তনখোলা ডেস্ক

মন্ত্রিসভার প্রথম বৈঠকে সুদসহ ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ মওকুফের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) সচিবালয়ে মন্ত্রিসভা বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি বলেন, কৃষি, মৎস্য খাতে ১০ হাজার টাকা পর্যন্ত

২ এর পাতায় দেখুন

বর্ণাঢ্য আয়োজনে পবিপ্রবির বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন

দুমকী প্রতিনিধি

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (পবিপ্রবি) এর ২৪তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন করা হয়েছে। দিনব্যাপী আয়োজন ঘিরে শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে ক্যাম্পাসজুড়ে উৎসবের আবহ সৃষ্টি হয়। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সকাল ১০টা ১৫ মিনিটে প্রশাসনিক ভবনের সম্মুখে জাতীয়

২ এর পাতায় দেখুন

ইফতার ও দোয়া মাহফিল
সুনীল বরণ হালদার
আয়োজনে: বাংলাদেশ শিক্ষক সমিতি (BTA), বরিশাল আঞ্চলিক শাখা

বাংলাদেশ শিক্ষক সমিতি বরিশাল আঞ্চলিক শাখার আয়োজনে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠানে উপস্থিত বরিশাল সদর আসনের এমপি অ্যাড মজিবর রহমান সরোয়ার -কীর্তনখোলা

ধর্ষণ করে ভিডিও ধারণ, বরিশাল সিটি কর্পোরেশনের কর্মকর্তা গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বিয়ের প্রলোভনে এক গৃহবধূকে ধর্ষণ ও ভিডিও ধারণসহ হুমকির অভিযোগের মামলায় গ্রেপ্তার হয়েছেন বরিশাল সিটি করপোরেশনের এক কর্মকর্তা। বৃহস্পতিবার মহানগর পুলিশের কাউনিয়া থানার একটি দল তাকে গ্রেপ্তার করে বলে জানান কাউনিয়া থানার এসআই শফিকুল ইসলাম। এসআই শফিকুল ইসলাম বলেন, দুপুরে ধর্ষণ মামলায় ওই কর্মকর্তাকে বরিশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়। শুনানি শেষে বিচারক মিরাজুল ইসলাম রাসেল তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন। কারাগারে যাওয়া মো. শহিদুল ইসলাম উজ্জ্বল (৪০) সদর উপজেলার রায়পুরা এলাকার বাসিন্দা। তিনি বরিশাল সিটি করপোরেশনের কর ধার্য শাখার অ্যাসেসর পদে কর্মরত আছেন। এর আগে উজ্জ্বল সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সচিব ছিলেন। এসআই শফিকুল ইসলাম বলেন, উজ্জ্বলের বিরুদ্ধে কাউনিয়া থানায় এক নারী মামলা করেছেন। ওই মামলার আসামি হিসেবে সকালে নগরীর হাতেম আলী কলেজ চৌমাথা এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। মামলার বরাতে তিনি বলেন, ভুক্তভোগী নারী দুই সন্তানের

২ এর পাতায় দেখুন

গণমাধ্যমকর্মীদের দায়িত্বশীল ভূমিকা ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠা সম্ভব নয়: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

প্রধানমন্ত্রী তারেক রহমানের রাষ্ট্র কাঠামো মেরামতে ৩১ দফা বাস্তবায়নের উদ্যোগকে সফল করতে গণমাধ্যমকর্মীদের সহযোগিতা প্রয়োজন বলে জানিয়েছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। গতকাল বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বরিশাল নগরীর সদর রোডস্থ কিং ফিশার রেস্টুরেন্টে নিজ উদ্যোগে কর্মরত সাংবাদিকদের সম্মানে

২ এর পাতায় দেখুন

মানবপাচারের মামলায় দুই ভাইয়ের যাবজ্জীবন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে মানবপাচার আইনে করা মামলায় দুই ভাইকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে ৫০ হাজার টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও ছয়মাস করে কারাদণ্ড দেওয়া হয়েছে। বরিশালের মানবপাচার অপরাধ দমন ট্রাইব্যুনালের বিচারক মো. সোহেল আহমেদ এ রায় ঘোষণা করেছেন। দণ্ডপ্রাপ্তরা হলেন- বরিশালের গৌরনদী উপজেলার পূর্ব ডুমুরিয়া গ্রামের বাসিন্দা জঙ্গু বেপারীর ছেলে শামীম বেপারী (৩৩) ও রুবেল বেপারী (২৭)। রায় ঘোষণার সময় তারা পলাতক ছিলেন। মামলার বরাতে আদালতের বেঞ্চ সহকারী তুহিন মোল্লা বলেন, ২০২৩ সালে ১৭ জুলাই

২ এর পাতায় দেখুন

সব ভূমি অফিসে নামজারি-খতিয়ানের ফি টাঙিয়ে রাখতে হবে

কীর্তনখোলা ডেস্ক

নামজারি, খতিয়ান ফি ও মৌজা ম্যাপের ক্ষেত্রে সরকার নির্ধারিত ফি সাধারণ মানুষের সামনে স্পষ্টভাবে তুলে ধরতে ভূমি অফিসে দৃশ্যমান স্থানে স্থায়ী সাইনবোর্ডের মাধ্যমে টাঙানোর জন্য

২ এর পাতায় দেখুন

ছয় দফা দাবিতে ববি কর্মচারীদের কর্মবিরতি

কীর্তনখোলা রিপোর্ট

ছয় দফা দাবিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) কর্মচারীরা আগামী রোববার থেকে কর্মবিরতির ঘোষণা দিয়েছেন। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন চত্বরে সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেওয়া হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে অফিস সহায়ক মো. হাসানুজ্জামান বলেন, 'বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর ড. তৌফিক আলম ইউজিসির দোহাই দিয়ে আমাদের ন্যায্য অধিকার বঞ্চিত করা হচ্ছে।' আগামী শনিবারের মধ্যে দাবি মেনে নেওয়া না হলে রোববার থেকে টানা তিন দিন সকাল ৯টা থেকে বেলা সাড়ে ৩টা পর্যন্ত ১১ থেকে ২০তম গ্রেডের কর্মচারীর কর্মবিরতি পালন করবেন। এরপরও দাবি মানা না হলে আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন তিনি। দাবিগুলো হলো নিয়মিত আপগ্রেডেশন বোর্ড বসানো ও প্রাপ্যতার তারিখ থেকে কার্যকর করা, সিন্ডিকেট অনুমোদিত অধিককাল কাজের বকেয়া বিল পরিশোধ, সরল সুদে

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে
বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219
ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767
নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720
রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945
মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049
নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663
হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658
আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়খালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

হতদরিদ্ররা যেন বঞ্চিত না হয়

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নির্বাচনী ইশতেহারে অন্যতম প্রতিশ্রুতি ছিল দরিদ্র জনগোষ্ঠীর দুর্দশা লাঘবে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি। দলটির নেতৃত্বাধীন সরকার ক্ষমতা গ্রহণের এক সপ্তাহের মাথায় সেই প্রতিশ্রুতি বাস্তবায়নের দিনক্ষণ ঘোষণা করেছে, যা জনমনে আশা সঞ্চার করেছে। প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, আগামী ১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণের পরীক্ষামূলক কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রথম দফায় ১৪টি উপজেলায় একটি করে ইউনিয়নের একটি ওয়ার্ডের হতদরিদ্র, দরিদ্র ও নিম্নবিত্ত নারীরা এই কার্ড পাবেন। কার্ডধারীদের প্রতি মাসে আড়াই হাজার টাকা করে দেওয়া হবে। পর্যায়ক্রমে এই কার্যক্রমের পরিধি বাড়ানো হবে। অতীত অভিজ্ঞতা বলে, এসব কার্ড বিতরণের ক্ষেত্রে নানা অনিয়ম হয়ে থাকে। হতদরিদ্রদের চেয়ে রাজনৈতিক পরিচয়ধারীরা সুবিধা গ্রহণের দৌড়ে এগিয়ে থাকেন। সমাজকল্যাণমন্ত্রী ডা. এ জেড এম জাহিদ হোসেন বলেছেন, বাছাই প্রক্রিয়ায় কোনো অনিয়ম সহ্য করা হবে না। আমরাও চাই, মন্ত্রীর এই আশ্বাসবাণীর যথাযথ বাস্তবায়ন হোক। আরেক প্রতিবেদনে বলা হয়েছে, অদূর ভবিষ্যতে এক কার্ডেই মিলবে রাষ্ট্রীয় সব সুবিধা। মূলত উন্নত দেশের আদলে প্রতিটি নাগরিকের হাতে ‘সামাজিক পরিচিতি কার্ড’ বা ‘সোশ্যাল আইডি কার্ড’ দেওয়ার পরিকল্পনা নিয়েছে সরকার। এখনকার ফ্যামিলি কার্ড পরবর্তী সময়ে সোশ্যাল আইডি কার্ডে রূপ নেবে। টিসিবি, ওএমএস কার্ডসহ অন্যান্য সুবিধা মিলবে সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমেই। চলতি বছরেই দুই কোটি পরিবারে কার্ড বিতরণের কথা ভাবছে সরকার। শুধু দরিদ্রদের জন্য নয়, বরং ২০৩০ সালের মধ্যে সব নাগরিকের জন্য পরিচিতিমূলক কার্ড বাধ্যতামূলক করা হবে। সরকার বলছে, সোশ্যাল আইডি কার্ডের মাধ্যমে নগদ আর্থিক সহায়তা, স্বাস্থ্য বীমা, শিক্ষা উপবৃত্তি, কৃষি ভর্তুকি, বয়স্ক ভাতা ও পেনশন সুবিধাও পাওয়া যাবে। একজন নাগরিকের জীবনের প্রতি পর্যায়ের তথ্য এতে ধারাবাহিকভাবে যুক্ত হতে থাকবে। একজন শিক্ষার্থী যখন পড়াশোনা শেষ করবে, তখন তথ্য হালগানাগাদ হবে। আবার চাকরি থেকে অবসরে গেলে বা বয়স ৬৫ বছর হলেও তাঁকে প্রবীণ নাগরিকের সুবিধা প্রদান করা হবে। আমাদের প্রত্যাশা, ফ্যামিলি কার্ড বিতরণের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে, কোনো হতদরিদ্র যেন বঞ্চিত না হয়। সমাজের একেবারে নিচের তলার বাসিন্দারা সরকারের সহায়তা পাবে, তাদের মুখে হাসি ফুটবে এটাই কাম্য।

নতুন হিসাবে গণভোটের

(ইসি)। যার আলোকে নতুন করে গেজেট প্রকাশ করেছে প্রতিষ্ঠানটি। নতুন সংশোধনী অনুযায়ী, পূর্বে ঘোষিত ফলাফলের তুলনায় ‘হ্যাঁ’ এবং ‘না’ মিলিয়ে ভোটদানকারী ভোটারের সংখ্যা কমেছে ১০ লাখ ৭৩ হাজার ৬১৬ জন। যার মধ্যে ৯ লাখ ৭৪ হাজার ৬৬০ ‘হ্যাঁ’ ভোট কমে বর্তমান সংখ্যা ৪ কোটি ৭২ লাখ ২৫ হাজার ৯৮০টি এবং ১ লাখ ১১ হাজার ৪৯৩ ‘না’ ভোট কমে সর্বশেষ সংখ্যা দাড়াল ২ কোটি ১৯ লাখ ৬০ হাজার ২৩১। এর আগে ১৩ ফেব্রুয়ারি জারি করা গেজেটে বলা হয় গণভোটে ৪ কোটি ৮২ লাখ ৬৬০ ভোটার ‘হ্যাঁ’ ভোট দিয়েছে। অন্যদিকে ২ কোটি ২০ লাখ ৭১ হাজার ৭২৬ ভোটার ‘না’ ভোট দিয়েছে। বৃহস্পতিবার নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ স্বাক্ষরিত এক অতিরিক্ত গেজেটের মাধ্যমে এ সংশোধনী তথ্য জানানো হয়। ইসির বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার সফল গণঅভ্যুত্থানের মাধ্যমে প্রকাশিত জনগণের সার্বভৌম ক্ষমতা প্রয়োগের উদ্দেশ্যে ‘জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫’ এবং সংবিধান সংস্কারের প্রস্তাবের বিষয়ে জনগণের সম্মতি যাচাইয়ে গত ১২ ফেব্রুয়ারি গণভোট অনুষ্ঠিত হয়। ওই ভোটের ফলাফল যা গত ১৩ ফেব্রুয়ারি গেজেটে প্রকাশিত হয়েছিল। গেজেটে জানানো হয়, প্রথম গেজেটের হিসেব অনুযায়ী ‘হ্যাঁ’ ভোটের সংখ্যা ছিল ৪ কোটি ৮২ লাখ ৬৬০ জন, ‘না’ ভোটের সংখ্যা ছিল ২ কোটি ২০ লাখ ৭১ হাজার ৭২৬ জন। ‘হ্যাঁ’ এবং ‘না’ ভোট মিলে সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা ছিল ৭ কোটি ৭৬ লাখ ৯৫ হাজার ২৩ জন। এর মধ্যে বাতিল হয়েছিল ৭৪ লাখ ২২ হাজার ৬৩৭ জন। বাতিল ভোট বাদ দিয়ে মোট বৈধ ভোটার সংখ্যা দাঁড়ায় ৭ কোটি ২ লাখ ৭২ হাজার ৩৮৬ জন। সংশোধিত গেজেটের হিসেব অনুযায়ী গণভোটে ‘হ্যাঁ’ ভোটের সংখ্যা ৪ কোটি ৭২ লাখ ২৫ হাজার ৯৮০ জন, ‘না’ ভোটের সংখ্যা দাঁড়াবে ২ কোটি ১৯ লাখ ৬০ হাজার ২৩১ জন। ‘হ্যাঁ’ এবং ‘না’ ভোট মিলে সর্বমোট প্রদত্ত ভোটের সংখ্যা দাঁড়িয়েছে ৭ কোটি ৬৬ লাখ ২১ হাজার ৪০৭ জন। এর মধ্যে বাতিল হয়েছে ৭৪ লাখ ৩৫ হাজার ১৯৬ জন। বাতিল ভোট বাদ দিয়ে মোট বৈধ ভোটার সংখ্যা দাঁড়িয়েছে ৬ কোটি ৯১ লাখ ৮৬ হাজার ২১১ জন। সংশোধিত ফলাফল বিশ্লেষণ করে দেখা গেছে, আগের তুলনায় ৯ লাখ ৭৪ হাজার ৬৮০টি ‘হ্যাঁ’ ভোট কমেছে। অন্যদিকে ‘না’ ভোটের সংখ্যা কমেছে ১ লাখ ১১ হাজার ৪৯৫ টি। তবে মজার বিষয় হলো, বৈধ ভোট কমলেও বাতিল করা ভোটের সংখ্যা আগের চেয়ে ১২ হাজার ৫৫৯টি বেড়েছে। সার্বিকভাবে মোট প্রদত্ত ভোটের সংখ্যা ১০ লাখ ৭৩ হাজার ৬১৬টি কমেছে। নির্বাচন কমিশন এই সংশোধনীর সুনির্দিষ্ট কারণ উল্লেখ না করলেও জানিয়েছে, কমিশনের আদেশক্রমেই এই সংশোধনী গেজেট প্রকাশ করা হয়েছে। উল্লেখ্য, এই গণভোটের মাধ্যমেই জুলাই জাতীয় সনদের সাংবিধানিক বৈধতা ও জনসম্মতি চূড়ান্ত করার কথা রয়েছে।

ঋণ পুনঃ তফসিলের সুবিধাভোগীকে

খাতের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বৃহস্পতিবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে গোলাম পরওয়ার বলেছেন, দেশের ইতিহাসে এই প্রথম একজন শিল্পপতিকে কেন্দ্রীয় ব্যাংকের দায়িত্বে বসানো হলো, যাঁর প্রতিষ্ঠানের প্রায় ৮৯ কোটি টাকা (সাত মিলিয়ন ডলারের বেশি) ঋণ বিশেষ নীতিমালার আওতায় পুনঃ তফসিল করা হয়েছিল নিয়োগের অল্প সময় আগে। তিনি আবার বর্তমান শাসক দলের নির্বাচন পরিচালনা কমিটির সদস্যও ছিলেন। ইতিমধ্যে জ্যেষ্ঠ ব্যাংকাররা স্বার্থের সংঘাত ও প্রাতিষ্ঠানিক স্বাধীনতা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। যে ব্যক্তি নিজেই ঋণ পুনঃ তফসিলের সুবিধাভোগী, তাঁকে পুরো ব্যাংকিং খাতের নিয়ন্ত্রকের আসনে বসানো হলে বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন ওঠা স্বাভাবিক। বৃহস্পতিবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এসব কথা বলেন মিয়া গোলাম পরওয়ার। তিনি আরও বলেন, কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের পদ কোনো আনুষ্ঠানিক বা অলংকারমূলক দায়িত্ব নয়। এটি একটি দেশের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদগুলোর একটি, যার ওপর নির্ভর করে মুদ্রানীতির স্থিতিশীলতা রক্ষা, ব্যাংকিং খাত নিয়ন্ত্রণ, আর্থিক শৃঙ্খলা বজায় রাখা এবং সর্বোপরি দেশীয় ও আন্তর্জাতিক আস্থা গড়ে তোলা। জুলাইয়ের গণ-আন্দোলনের পর যখন মানুষ কাঠামোগত পরিবর্তনের দাবি তুলেছিল, তখন যোগ্যতা ও মেধাভিত্তিক নেতৃত্ব প্রতিষ্ঠা করাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার হওয়া উচিত ছিল। কোটা আন্দোলন কেবলই কোটার প্রশ্ন ছিল না; এটি ছিল মূলত মেধাতন্ত্র ও দক্ষ প্রশাসনের দাবিতে এক ঐতিহাসিক পদক্ষেপ। কিন্তু নতুন বাংলাদেশ ব্যাংক গভর্নরের নিয়োগে সেই প্রত্যাশার সম্পূর্ণ বিপরীত বার্তা দিচ্ছে মন্তব্য করে পরওয়ার বলেন, শক্তিশালী, স্বাধীন এবং দক্ষ নেতৃত্বসম্পন্ন প্রতিষ্ঠান ছাড়া বাংলাদেশের অগ্রযাত্রা সম্ভব নয়। রাজনৈতিক আনুগত্যের ভিত্তিতে নিয়োগ, মেধা ও যোগ্যতাকে উপেক্ষা করে নেওয়া সিদ্ধান্ত দেশীয় আস্থা যেমন নষ্ট করে, তেমনি আন্তর্জাতিক মহলেও আস্থার সংকট তৈরি করে। একটি মাঝারি আকারের প্রতিষ্ঠান পরিচালনায় যিনি চ্যালেঞ্জের মুখে পড়েছেন, তিনি কীভাবে একটি পুরো দেশের আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করবেন; এই প্রশ্ন আজ স্বাভাবিকভাবেই উঠেছে। জামায়াতের সেক্রেটারি বলেন, যখন দেশের অর্থনীতি সবচেয়ে বেশি প্রয়োজন বিশ্বাসযোগ্যতা, পেশাদারত্ব এবং মেধাভিত্তিক নেতৃত্ব, এমন একসময় বাংলাদেশ ব্যাংকের স্বাধীনতার অবসানের সংকেত দিতে পারে এই সিদ্ধান্ত।

চাঁদাবাজি নির্মূল ও ১০-১৫ বছরের

চলছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, সারাদেশে চাঁদাবাজি নির্মূলসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। বুধবার (২৬ ফেব্রুয়ারি) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) পরিচালনা পর্ষদের সদস্যরা সৌজন্য সাক্ষাৎকালে মন্ত্রী এসব কথা জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান সরকারের লক্ষ্য দীর্ঘমেয়াদির পাশাপাশি জনগণের স্বল্পমেয়াদি প্রত্যাশা পূরণ। বর্তমান সরকারের প্রধান অগ্রাধিকার হচ্ছে দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও স্থিতিশীলতা বজায় রেখে ব্যবসা-বাণিজ্যের অনুকূল পরিবেশ নিশ্চিত করা। আমাদের অগ্রাধিকারের মধ্যে আরও রয়েছে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে বাজার পরিস্থিতি স্বাভাবিক রাখা। তিনি বলেন, দ্রব্যমূল্য যাতে কৃত্রিমভাবে বাড়ানো না হয় এবং এ খাতে দীর্ঘ ১০-১৫ বছরের সিন্ডিকেট ভেঙে দেওয়া যায়- সে লক্ষ্যে আমরা কাজ করছি। গতানুগতিক পন্থা অবলম্বন না করে নতুন বা সৃজনশীল পন্থায় ব্যবসা-বাণিজ্যের নিরাপত্তা নিশ্চিত করা হবে। মন্ত্রী আরও বলেন, আমরা পরিবহন খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে চাই। সেজন্য সারাদেশে চাঁদাবাজি নির্মূলসহ অন্যান্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। প্রথমে বিভাগীয় বা বড় শহর থেকে এ কার্যক্রম শুরু করা হবে। এজন্য প্রশাসন, পুলিশসহ সংশ্লিষ্ট সবার সহযোগিতার প্রয়োজন। বৈঠকে ডিসিসিআই’র সভাপতি তাসকীন আহমেদ আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নীতকরণ, চাঁদাবাজি প্রতিরোধ ও পরিবহন খাতে শৃঙ্খলা ফিরিয়ে আনতে মন্ত্রীর সহযোগিতা কামনা করেন। এসময় অন্যান্যের মধ্যে ডিসিসিআই’র জ্যেষ্ঠ সহ-সভাপতি রাজীব এইচ চৌধুরী, সহ-সভাপতি মো. সালেম সোলায়মান, সচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী প্রমুখ উপস্থিত ছিলেন।

দেশটাকে জ্ঞানের আলোয়

হয়ে দেশে একটি গণতান্ত্রিক সরকারের যাত্রা শুরু হয়েছে। জনগণের প্রতি জবাবদিহিমূলক এ সরকার দেশটাকে জ্ঞানের আলোয় আলোকিত করতে চায়। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বাংলা একাডেমি আয়োজিত অমর একুশে বইমেলার উদ্বোধনী অনুষ্ঠানে তারেক রহমান এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের অনেক দেশেই বইমেলার আয়োজন করা হয়। তবে আমাদের বইমেলা অন্য দেশের বইমেলার মতো নয়। আমাদের বইমেলা আমাদের মাতৃভাষার অধিকার আদায় এবং বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠার স্মারক হিসেবে চিহ্নিত। তবে প্রতি বছর মেলার আকার আয়তন বাড়লেও সেই হারে গবেষণাধর্মী বই প্রকাশিত হচ্ছে কি না কিংবা মানুষের বই পড়ার অভ্যাস বাড়ছে কি না এই বিষয়গুলো নিয়েও বর্তমানে চিন্তা-ভাবনার অবকাশ রয়েছে। বই পড়ার গুরুত্ব সম্পর্কে নতুন করে বলার কিছু নেই মন্তব্য করে তিনি বলেন, জার্মান দার্শনিক ‘মারকুইস সিসেরো’র একটি উক্তি এখানে আমি খুবই প্রাসঙ্গিক মনে করছি। তিনি বলেন, ‘বই ছাড়া ঘর আত্মা ছাড়া দেহের মতো’। বিজ্ঞানী এবং গবেষকরা বলছেন, বই শুধুমাত্র বিদ্যা শিক্ষা কিংবা অবসরের সঙ্গী নয় বরং বই পড়া মস্তিষ্কের জন্য এক ধরনের ব্যায়াম। গবেষণায় দেখা গেছে, নিয়মিত বই পড়ার অভ্যাস মস্তিষ্কের কোষগুলোর মধ্যে নতুন সংযোগ তৈরি করে যেটি মানুষের স্মৃতিশক্তি এবং বিশ্লেষণী ক্ষমতা বাড়ায়। এমনকি আলঝেইমার ও ডিমেনশিয়ার মতো রোগেরও ঝুঁকি কমায়। তবে বর্তমান সময়ে তথ্য প্রযুক্তি মানুষের বই পড়ার অভ্যাসে প্রধান বাধা হিসেবে দেখা দিয়েছে। বিশেষ করে ইন্টারনেট আসক্তি তরুণ প্রজন্মকে বই বিমুখ করে তুলছে। ইন্টারনেটেও অবশ্য বই পড়া যায়তবে গবেষকরা বলছেন, বইয়ের পাতায় কালো অক্ষরে লেখা বই পড়ার মধ্যে যেভাবে জ্ঞানের গভীরতা উপভোগ করা যায়, ইন্টারনেটে সেটা সম্ভব নয়। একইভাবে দিনের পর দিন কম্পিউটারের মনিটরে ডুবে থেকে জ্ঞানার্জন সম্ভব হলেও শরীর এবং মনোজগতে এর পার্শ্বপ্রতিক্রিয়ার প্রভাবও কম নয়। যুক্তরাজ্য কিংবা কানাডার মতো অনেক উন্নত দেশের বিশ্ববিদ্যালয়ের গবেষকরা বলছেন, ইন্টারনেট ব্যবহারের আসক্তি পড়াশোনার প্রতি শিক্ষার্থীদের আগ্রহ হারিয়ে ফেলার তীব্র ঝুঁকি রয়েছে। সময়ের পরিপ্রেক্ষিতে জন জীবনে ইন্টারনেট অনিবার্য অনুষঙ্গ হয়ে উঠলেও এর নেতিবাচক দিকগুলো সম্পর্কেও আমাদের সচেতন থাকতে হবে। বিশেষ করে বইয়ের প্রতি তরুণ প্রজন্মের আগ্রহ বাড়াতে হবে। অমর একুশে বইমেলা কেবল বই বেচাকেনার মেলা নয় বরং মেলা হয়ে উঠুক শিক্ষা এবং সাংস্কৃতিক বিকাশের সূতিকাগার, বলেন তারেক রহমান। প্রধানমন্ত্রী বলেন, বিশ্বের ১০২টি দেশের নাগরিকদের পাঠাভ্যাস নিয়ে একটি জরিপ প্রকাশিত হয়েছিল। অস্ট্রেলিয়াভিত্তিক সিইও ওয়ার্ল্ড ম্যাগাজিন জরিপের ফলাফল বলছে, যুক্তরাষ্ট্রের নাগরিকরা বই পড়ার শীর্ষে রয়েছেন। তালিকার সর্বনিম্নে রয়েছে আফগানিস্তান। বইপ্রেমীদের এই তালিকায় ১০২টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ৯৭তম। বাংলাদেশের একজন মানুষ গড়ে বছরে তিনটির মতো বই পড়েন। আর বই পড়ার পেছনে বছরে ব্যয় করেন মাত্র ৬২ ঘণ্টা সময়। তিনি বলেন, অমর একুশে বইমেলা শুধুমাত্র নিছক একটি উৎসবই হবে না বরং এই মেলা আমাদের আরও বইপ্রেমী করে তুলবে, নিয়মিত বই পড়ায় আগ্রহী করে তুলবে, আজকের এই বই মেলায় দাঁড়িয়ে এটিই আমার প্রত্যাশা। মাতৃভাষার মর্যাদা প্রতিষ্ঠায় ৫২ এর ভাষা আন্দোলনে শহীদদের স্মরণে আমরা সগৌরবে প্রতি বছর অমর একুশে পালন করি। দিবসটি এখন আর শুধু বাংলাদেশের নয়। অমর একুশে এখন আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে সারা বিশ্বে পালিত হচ্ছে। ৫২ সালের ভাষা শহীদদের আকাঙ্ক্ষাকে ধারণ করে আজকের এই বাংলা একাডেমি। বাংলা একাডেমির সৃজনশীল কার্যক্রমের অন্যতম একটি গুরুত্বপূর্ণ কাজ ‘অমর একুশে বইমেলা’। তবে সময়ের পরিপ্রেক্ষিতে আগামী বছরগুলোতে অমর একুশে বইমেলা, অমর একুশে আন্তর্জাতিক বইমেলা হিসেবে আয়োজন করার সুযোগ রয়েছে কি না, সেটি আপনারা বিবেচনা করতে পারেন। অমর একুশে আন্তর্জাতিক বইমেলা অনুষ্ঠিত হলে বিশ্ব সাহিত্যের সঙ্গে পরিচিত হওয়ার পাশাপাশি বহু ভাষা এবং সংস্কৃতি শেখা-জানা এবং বোঝার দিকে আমাদের নাগরিকদের আগ্রহী করে তুলতে ইতিবাচক ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস। তিনি বলেন, আমি মনে করি বর্তমান গ্লোবাল ভিলেজের এই সময়ে মাতৃভাষা ছাড়াও আরো একাধিক ভাষার সঙ্গে পরিচিত হওয়া জরুরি। বর্তমানের প্রতিযোগিতামূলক বিশ্বে সমৃদ্ধি এবং সম্মানের সঙ্গে টিকে থাকতে হলে জ্ঞান এবং মেধাভিত্তিক রাষ্ট্র এবং সমাজ প্রতিষ্ঠার বিকল্প নেই। এ জন্য আমাদের জ্ঞানে-বিজ্ঞানে-প্রযুক্তিতে মেধায় নিজেদের সমৃদ্ধ হতে হবে। একইসঙ্গে বাংলা ভাষাকে জাতিসংঘের অফিসিয়াল ভাষা হিসেবে স্বীকৃতি আদায়ের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত থাকবে। এইসব উদ্যোগ নতুন প্রজন্মের সামনে তাদের সুপ্ত প্রতিভা বিকাশের সুযোগ তৈরি করে দেয়। এভাবেই বইমেলা হয়ে উঠুক আমাদের সবার মিলনমেলা, প্রাণের মেলা। বইমেলা শুধু একটি নির্দিষ্ট মাসে বাংলা একাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যানে সীমাবদ্ধ না রেখে সারাবছর দেশের সব বিভাগ, জেলা, উপজেলায়ও আয়োজিত হতে পারে। এ ব্যাপারে বই প্রকাশকগণও উদ্যোগী ভূমিকা রাখতে পারেন বলে আমি মনে করি। এ ব্যাপারে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আপনাদের প্রয়োজনীয় সহযোগিতা দিতে প্রস্তুত। জাতির মননের প্রতীক বাংলা একাডেমি আমাদের তরুণ-তরুণীদের মেধা ও মনন বিকাশের জন্য বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী আরও বলেন, এরই মধ্যে বিভিন্ন মেয়াদি গবেষণাবৃত্তি, তরুণ লেখক প্রশিক্ষণ কর্মসূচি এবং আন্তর্জাতিক সেমিনার আয়োজন করা হয়েছে। এ ধরনের উদ্যোগ বাস্তবায়নের মাধ্যমে উত্তরপ্রজন্মকে বাংলা ভাষা ও দেশজ সংস্কৃতির মূলধারার সঙ্গে যুক্ত করার চেষ্টা ভবিষ্যতে আরও সম্প্রসারিত হবে।

১৩ ঘণ্টার ব্যবধানে ভূমিকম্পে

পাওয়া যায়নি। এর আগে বুধবার রাত ১০টা ৫১ মিনিট ৪৯ সেকেন্ডে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে ভূমিকম্প অনুভূত হয়। ইএমএসসি জানায়, রিখটার স্কেলে ওই ভূকম্পনের মাত্রা ছিল ৫ দশমিক ১। উৎপত্তিস্থল ছিল মিয়ানমারের সাংগাই অঞ্চলের মনিওয়া শহর থেকে প্রায় ১১২ কিলোমিটার উত্তর ও উত্তর-পশ্চিমে এবং মাওলাইক শহর থেকে প্রায় ৭৫ কিলোমিটার দক্ষিণ-পূর্বে। ভূপৃষ্ঠ থেকে এর গভীরতা ছিল ১০১ কিলোমিটার। এদিকে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সহকারী আবহাওয়াবিদ ফারজানা সুলতানা জানান, রাত ১০টা ৫১ মিনিট ৪৯ সেকেন্ডে মিয়ানমারে মাঝারি এই ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে ৪৬২ কিলোমিটার দূরে। এই ভূমিকম্প ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে অনুভূত হয়েছে। তবে কক্সবাজার এবং এর আশপাশের অঞ্চলে এর মাত্রা ছিল তুলনামূলক বেশি।

বরিশালের ১২ আইনজীবীর

মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাসে ভাঙচুর ও বিচারকের সাথে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে নয়জন আইনজীবীর বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছেন হাইকোর্ট। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসানের বেঞ্চ স্বপ্রণোদিত হয়ে এই রুল জারি করেন। আদালত অবমাননার ঘটনায় নয় আইনজীবীর বিরুদ্ধে কেন যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দেওয়া হবে না, তা জানতে চাওয়া হয়েছে রুলে। একইসাথে তাদের আগামী ১০ দিনের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল শফিকুর রহমান। রুল জারি হওয়া বরিশাল জেলা আইনজীবী সমিতির নয় সদস্য হলেন- সাদিকুর রহমান লিংকন, মীর্জা রিয়াজুল ইসলাম, আবুল কালাম আজাদ, নাজিমুদ্দিন পান্না, মহসিন মন্টু, মিজানুর রহমান, আব্দুল মালেক, সাঈদ ও হাফিজ উদ্দিন বাবলু। এর আগে বরিশালের চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাসে ভাঙচুর এবং বিচারকের সাথে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে জেলা আইনজীবী সমিতির ১২ সদস্যের বিরুদ্ধে মামলা করা হয়। মামলায় অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের এজলাস ভাঙচুর, সরকারি নথি ও মালামাল বিনষ্ট করা, বিচারককে ভয়ভীতি প্রদর্শন, শক্তির মহড়া ও দাপট প্রদর্শন, ত্রাস সৃষ্টি, অরাজক পরিস্থিতি সৃষ্টি করে বিচার প্রার্থীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে বিচার কাজে বাঁধা এবং এজলাস থেকে নেমে যেতে বাধ্য করা, সরকারি কর্মচারীদের মারধর করার অভিযোগ আনা হয়। পরে সাদিকুর রহমান লিংকনকে বুধবার গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরণ করেছে পুলিশ। এর বিপরীতে জেলা আইনজীবী সমিতি আদালত বর্জনের ঘোষণা দিয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত সর্বশেষ জানা গেছে, বৃহস্পতিবার বিচার প্রার্থীরা আদালতে আসলে বিচারকরা আইনজীবী ছাড়াই আদালত পরিচালনা করছেন, অন্যদিকে আইনজীবীরা বিচার প্রার্থীদের ফিরিয়ে দেয়ার চেষ্টা করছেন বলে জানা গেছে।

বরিশাল আইনজীবী সভাপতির মুক্তির

শর্তে জানান, এজাহারভুক্ত ১২ আসামির মধ্যে ১১ জনই আইনজীবী সমিতির সদস্য হওয়া ছাড়াও তাঁরা সরকারি কৌঁসুলি। ফলে তাঁদের বিরুদ্ধে আইনজীবী সমিতির পক্ষ থেকে কোনো শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার বাস্তব সুযোগ নেই। তাঁরা বলেন, এ ঘটনায় উচ্চ আদালত রুল জারি করেছেন। ওই রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অভিযুক্ত আইনজীবীদের জন্য কার্যত কর্মক্ষেত্রে প্রবেশের সুযোগ নেই। আবার এসব আইনজীবীকে বাদ দিয়েও আদালতের নিয়মিত কার্যক্রম পরিচালনা করা প্রায় অসম্ভব। জ্যেষ্ঠ আইনজীবীরা জানান, বিএনপিপন্থী আইনজীবীরা আনুষ্ঠানিকভাবে আদালত বর্জনের কর্মসূচি পালন করলেও সাধারণ আইনজীবীরা প্রকাশ্যে তাঁদের সঙ্গে একাত্মতা প্রকাশ করেননি। তবে সার্বিক পরিস্থিতির কারণে নিরাপত্তা ও পরিবেশ অনুকূলে না থাকায় অনেক সাধারণ আইনজীবীও আদালতে যাচ্ছেন না। বৃহস্পতিবার সকাল থেকে এই কর্মসূচি শুরু হয়েছে বলে জানান জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আহ্বায়ক ও মহানগর দায়রা জজ আদালতের সরকারি কৌঁসুলি নাজিমউদ্দিন আহমেদ পান্না। তিনি বলেন, বরিশাল বারের সভাপতি সাদিকুর রহমান লিংকনকে বুধবার গ্রেপ্তার করা হয়েছে। অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম তাঁর অধীনস্থ কর্মচারীর মাধ্যমে একাধিক জ্যেষ্ঠ আইনজীবীসহ আমার বিরুদ্ধে মিথ্যা মামলা দায়ের করিয়েছেন। এই ঘটনার প্রতিবাদে বুধবার দুইটি আদালত বর্জন করা হয়। বৃহস্পতিবার থেকে বরিশালের সব আদালত বর্জনের কর্মসূচি চলছে। বিচারপ্রার্থীদের ভোগান্তির বিষয়ে তিনি বলেন, বড় একটি মঙ্গলের জন্য কখনও কখনও ছোট ক্ষয়ক্ষতি মেনে নিতে হয়। জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্যসচিব আবুল কালাম আজাদ ইমন বলেন, ‘আমাদের তিনটি দাবি- সমিতির সভাপতিকে মুক্তি দিতে হবে, মিথ্যা মামলা প্রত্যাহারের আবেদন করতে হবে এবং এই ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে যেন কগনিজেন্স না দেওয়া হয়।’ তিনি বলেন, ‘এ মুহূর্তে আমরা আদালত বর্জনে আছি। পাশাপাশি সমঝোতার কথাও চলছে। আমরা চাই বিষয়টি ভালোভাবে নিষ্পত্তি হোক, বার ও বেঞ্চের সম্পর্ক অটুট থাকুক। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, আজ যদি কোনো সমাধান না আসে, তাহলে কেন্দ্রীয়ভাবে কর্মসূচি ঘোষণা করা হবে। সেখান থেকে দেওয়া নির্দেশনা অনুযায়ী সারা দেশে কর্মসূচি চলবে। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের সহকারী পাবলিক প্রসিকিউটর সাঈদ চৌধুরী বলেন, ফ্যাসিবাদের সময় নিয়োগ পাওয়া বিচারকরা ফ্যাসিবাদীকে জামিন দিয়েছেন। তার প্রতিবাদ করায় বারের সভাপতিসহ ১২ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। তিনি বলেন, আদালত প্রাঙ্গণ থেকে সাধারণ মানুষকে গ্রেপ্তারের বিধান নেই। অথচ সভাপতিকে তাঁর কার্যালয় থেকে তুলে নেওয়া হয়েছে। মুক্তি না হওয়া পর্যন্ত আদালত বর্জন চলবে। আইনজীবীদের আন্দোলনের কারণে আদালত কার্যক্রম বন্ধ থাকায় সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েছেন বিচারপ্রার্থীরা। মেহেন্দিগঞ্জের আন্ধারমানিক থেকে আসা সালেহা বেগম বলেন, দূর থেকে এসে বসে আছি। কোর্ট কবে খুলবে জানি না। এত দূর বারবার আসা তো সম্ভব না। ঢাকা থেকে মামলার হাজিরা দিতে আসা মো. মনির বলেন, ঢাকা থেকে এসেছি। যদি আজ কোনো সমাধান না হয়, তাহলে আমরা বড় সমস্যায় পড়ব। আদালত চালু হওয়াটাই সবচেয়ে জরুরি। প্রসঙ্গত, গত সোমবার বরিশাল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তালুকদার মোহাম্মদ ইউনুসকে জামিন দেন অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালত। ওই জামিনের প্রতিবাদে মঙ্গলবার সকাল থেকে মুখ্য মহানগর হাকিম ও অতিরিক্ত মুখ্য মহানগর হাকিম আদালত বর্জন করে বিক্ষোভ করেন বিএনপিপন্থী আইনজীবীরা। বিক্ষোভের একপর্যায়ে আদালতের এজলাসে হট্টগোল ও ভাঙচুরের অভিযোগ ওঠে। তখন বিচারক এস এম শরিয়তুল্লাহ এজলাস ত্যাগ করেন। ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে পরদিন কোতোয়ালি থানায় মামলা করা হয়। এরপর বুধবার বরিশাল জেলা আইনজীবী সমিতির সভাপতি সাদিকুর রহমান লিংকনকে গ্রেপ্তার করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়। তাঁর গ্রেপ্তারের পর থেকেই টানা আদালত বর্জনের কর্মসূচি চলায় বরিশালের বিচার কার্যক্রম কার্যত অচল হয়ে পড়েছে।

ছয় দফা দাবিতে ববি

সাধারণ গৃহনির্মাণ ঋণ প্রকল্প দ্রুত বাস্তবায়ন, সার্ভিস রুল ও নিজস্ব পেনশন বিধিমালা প্রণয়ন না হওয়া পর্যন্ত সরকারি বিধি অনুযায়ী পেনশন প্রদান, কর্মচারীদের সংগঠন করার অধিকার এবং সব কর্মচারীর বিমা, আবাসন ব্যবস্থা ও কল্যাণ তহবিলের আওতাভুক্ত করা।

সব ভূমি অফিসে

বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) নির্দেশ দিয়েছে ভূমি মন্ত্রণালয়। এসব ভূমি সেবা ফি দেশের সব উপজেলা, সার্কেল ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিসে টাঙানোর জন্য জেলা প্রশাসকদের (ডিসি) নির্দেশনা দিয়ে চিঠি পাঠিয়েছে ভূমি মন্ত্রণালয়। এতে বলা হয়, ৪ ফুট দ্ধ ২.৫ ফুট আকারের সাইনবোর্ডে সেবাভিত্তিক ফি তালিকা প্রদর্শন করতে হবে। নির্ধারিত ফি সম্পর্কে স্বচ্ছতা নিশ্চিত ও ভোগান্তি কমাতেই এ উদ্যোগ নেওয়া হয়েছে। নামজারি ফি- নামজারির ক্ষেত্রে সরকার নির্ধারিত কোর্ট ফি ২০ টাকা, নোটিশ জারি ফি ৫০ টাকা, রেকর্ড সংশোধন বা হালকরণ ফি এক হাজার টাকা, প্রতি কপি খতিয়ান সরবরাহ ফি ১০০ টাকা। সর্বমোট ফি এক হাজার ১৭০ টাকা। খতিয়ানের ফি- সার্টিফাইড কপি বা অনলাইন কপি ১২০ টাকা। ডাকযোগে নিলে অতিরিক্ত ৪০ টাকা ডাক মাশুল পরিশোধ করতে হবে। মৌজা ম্যাপের ফি- মৌজা ম্যাপের প্রতি সিটের জন্য ৫৪৫ টাকা। ডাকযোগে নিলে অতিরিক্ত ১১০ টাকা ডাকমাশুল পরিশোধ করতে হবে। নির্ধারিত ফি ছাড়া অন্য কোনো ফি প্রযোজ্য নয় বলে জানিয়েছে ভূমি মন্ত্রণালয়। ভূমি উন্নয়ন করসহ সব ভূমিসেবা শুধুমাত্র অনলাইনে পরিশোধ করা যাবে। কোনো প্রকার নগদ লেনদেন না করার জন্য সব নাগরিককে অনুরোধ জানিয়েছে ভূমি মন্ত্রণালয়। মন্ত্রণালয় বলেছে, অতিরিক্ত ফি দাবি করলে ১৬১২২ নম্বরে অভিযোগ জানানো যাবে।

মানবপাচারের মামলায়

ট্রাইব্যুনালে মামলা করেন গৌরনদী উপজেলার বাসিন্দা নাছরিন বেগম। মামলায় তিনি অভিযোগ করেন তার ছেলেকে ইতালি নেওয়ার প্রলোভনে কেনিয়া নিয়ে আটক করে রেখে নির্যাতন করা হয়েছে। পরে বিভিন্ন সময় আসামিরা সাড়ে নয় লাখ টাকা হাতিয়ে নেয়। ট্রাইব্যুনাল ওই মামলা আমলে নিয়ে সিআইডিকে তদন্তের নির্দেশ দেন। সিআইডির এসআই মজিবর রহমান ২০২৪ সালের ২০ অক্টোবর দুই ভাইকে অভিযুক্ত করে আদালতে চার্জশিট জমা দেন। বিচারক সাক্ষীদের সাক্ষ্যগ্রহণ শেষে রায় ঘোষণা করেছেন। রায়ে জরিমানার অর্থ ভুক্তভোগী পরিবারকে দেওয়ার নির্দেশ দিয়েছেন আদালতের বিচারক।

গণমাধ্যমকর্মীদের দায়িত্বশীল ভূমিকা ছাড়া

আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে তিনি এ কথা বলেন। রহমাতুল্লাহ বলেন, বিগত ফ্যাসিবাদী শাসনামলে ভেঙে পড়া রাষ্ট্র ব্যবস্থার বিভিন্ন সেক্টর পুনর্গঠনে তরুণ সমাজ যে স্বপ্ন নিয়ে রাজপথে নেমেছিল, প্রধানমন্ত্রী তারেক রহমান সেই স্বপ্ন বাস্তবায়নে ইতোমধ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ শুরু করেছেন। প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর অল্প সময়ের মধ্যেই নেওয়া উদ্যোগে দেশজুড়ে আশাবাদ তৈরি হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। তিনি আরও বলেন, রাষ্ট্রের ভাঙন মেরামত করতে হলে সকল শ্রেণি-পেশার মানুষের সম্মিলিত সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে গণমাধ্যমকর্মীদের সক্রিয় ও দায়িত্বশীল ভূমিকা ছাড়া গণতন্ত্র প্রতিষ্ঠা ও টেকসই করা সম্ভব নয়। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া-এর আদর্শ অনুসরণ করে গণমাধ্যমের পূর্ণ স্বাধীনতা পুনরুদ্ধারে অঙ্গীকারাবদ্ধ প্রধানমন্ত্রী তারেক রহমান বলেও জানান তিনি। রহমাতুল্লাহ দাবি করেন, বিএনপি ক্ষমতায় থাকলে গণমাধ্যম স্বাধীনভাবে কাজ করার সুযোগ পায়। বরিশালের সার্বিক উন্নয়নে পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করে তিনি বলেন, এ অঞ্চলের উন্নয়ন ও গণতান্ত্রিক অগ্রযাত্রায় স্থানীয় সংবাদকর্মীদের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনুষ্ঠান শেষে দেশ ও জাতির কল্যাণ কামনা করে বিশেষ দোয়া মোনাজাত করা হয়। কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন বরিশাল প্রেস ক্লাবের সভাপতি আমিনুল ইসলাম খসরু, বরিশাল রিপোর্টার্স ইউনিটির সভাপতি আনিছুর রহমান খান স্বপন ও সাধারণ সম্পাদক খালেদ সাইফুল্লাহ, বীর মুক্তিযোদ্ধা ও দৈনিক বিপ্লবী বাংলাদেশ পত্রিকার প্রকাশক ও সম্পাদক নুরুল আলম ফরিদ, ইন্ডিপেন্ডেন্ট টেলিভিশনের ব্যুরো প্রধান মুরাদ আহমেদ, দৈনিক আজকের পরিবর্তন পত্রিকার প্রকাশক ও সম্পাদক কাজী মিরাজ, দৈনিক বাংলাদেশ বানী পত্রিকার সম্পাদক আযাদ আলাউদ্দিন, বাংলাভিশন টেলিভিশনের ব্যুরো প্রধান শাহীন হাসান, সদর উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব নুরুল আমিনসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

ধর্ষণ করে ভিডিও ধারণ, বরিশাল

জননী। ওই নারী উজ্জ্বলের বন্ধুর স্ত্রী। পরিচয়ের সুবাদে তাদের মধ্যে মোবাইল ফোনে কথা হত। এক পর্যায়ে তাকে প্রেমের প্রস্তাব দেন উজ্জ্বল। এতেও রাজি না হলে তাকে বিয়ের প্রস্তাব দেন তিনি। “বিয়ের প্রলোভনে বিভিন্ন সময় ওই নারীর সঙ্গে শারীরিক সম্পর্কে জড়ান উজ্জ্বল। সবশেষ ৩০ জানুয়ারি ওই নারীর ভাড়া বাসায় গিয়ে বিয়ের প্রলোভনে ধর্ষণ ও ভিডিও ধারণ করেন উজ্জ্বল। পরে বিয়ের প্রস্তাব দিলে তাকে ভয়ভীতি প্রদর্শনসহ হুমকি দেওয়া হয়”, বলেন এসআই শফিকুল।

বর্ণাঢ্য আয়োজনে পবিপ্রবির

পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের সূচনা হয়। প্রধান অতিথি মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এস. এম. হেমায়েত জাহান জাতীয় পতাকা উত্তোলন করেন এবং বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. মামুন অর রশীদ বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন। সকাল সাড়ে ১০টায় পায়রা অবমুক্ত ও বেলুন উড়িয়ে দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন। উদ্বোধন শেষে প্রশাসনিক ভবনের সামনে থেকে এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। শোভাযাত্রায় বিভিন্ন অনুষদ, হল ও দপ্তরের প্রতিনিধিরা ব্যানার-ফেস্টুনসহ অংশ নেন। পরে টিএসসি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভা উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোহাম্মদ আতিকুর রহমানের সভাপতিত্বে এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এস. এম. হেমায়েত জাহান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কীটতত্ত্ব বিভাগের সিনিয়র প্রফেসর ড. মো. হামিদুর রহমান ও উদযাপন কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মো. মামুন অর রশিদ। বিজয় ২৪ হলের প্রভোস্ট প্রফেসর ড. মোহাম্মদ মাসুদুর রহমানের সঞ্চালনায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন বিবিএ অনুষদের সাবেক ডিন প্রফেসর ড. বদিউজ্জামান, কৃষি অনুষদের ডিন প্রফেসর মো. জহিরুল হক, রেজিস্ট্রার প্রফেসর ড. মো. হাবিবুর রহমান, ল’ অ্যান্ড ল্যান্ড ম্যানেজমেন্ট অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ জামাল হোসেন, সিএসই অনুষদের ডিন প্রফেসর ড. খোকন হোসেন, ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. সুজাহাঙ্গীর কবির সরকার, প্রফেসর ড. মোস্তফা আনোয়ার, ড. এবিএম সাইফুল ইসলাম, সিনিয়র ডেপুটি ডিরেক্টর মো. মাহফুজুর রহমান সবুজ, জিয়া পরিষদের সভাপতি মো. আবুবকর সিদ্দিক, সাধারণ সম্পাদক ড. হাচিব মোহাম্মদ তুষার, প্রধান খামার তত্ত্বাবধায়ক আরিফুর রহমান নোমান, সহকারী রেজিস্ট্রার রিয়াজ কাঞ্চন শহীদ, লোকমান হোসেন মিঠু, কর্মচারী মাহবুবুর রহমান ও মোশাররফ হোসেন প্রমুখ।

১২ লাখ কৃষকের কৃষিঋণ

কৃষিঋণ মওকুফের সিদ্ধান্ত হয়েছে। ১০ হাজার টাকা ঋণ নিলে তার যে সুদ তাসহ মওকুফ হয়ে যাবে। তিনি বলেন, ১৩তম সংসদের প্রথম মন্ত্রিসভার সভা অনুষ্ঠিত হয়। আজকে যে সিদ্ধান্ত হয়েছে তা যুগান্তকারী। “সরকার তার নির্বাচনী ইশতেহার অনুযায়ী শস্য, ফসল, মৎস্য ও পশু পালন খাতে ১০ হাজার টাকা পর্যন্ত কৃষিঋণ সুদসহ মওকুফের সিদ্ধান্ত নিয়েছে। এর মূল লক্ষ্য হলো দরিদ্র কৃষকদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা এবং কৃষি খাতের মেরুদণ্ডকে শক্তিশালী করা।” বাংলাদেশ ব্যাংকের তথ্য দিয়ে মন্ত্রিপরিষদ সচিব জানান, সরকারি, বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক এবং বেসরকারি ব্যাংকসমূহে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত সুদসহ কৃষকদের কাছে পাওনা রয়েছে প্রায় ১ হাজার ৫৫০ কোটি টাকা, যা এই ঋণ মওকুফের আওতাভুক্ত হবে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, এই ঋণ মওকুফ করা হলে দরিদ্র কৃষকরা নানাভাবে উপকৃত হবেন। এতে ১২ লাখ কৃষক উপকৃত হবেন। এর ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকরা ঋণের দায় হতে মুক্ত হতে পারবেন, যা তাদের কর্মস্পৃহা বৃদ্ধি করবে এবং দেশের কৃষিখাতে উৎপাদন বৃদ্ধিতে সহায়ক হবে; ঋণের কিস্তি বাবদ যে অর্থ কৃষকের ব্যয় হতো, সেই অর্থ তারা উন্নত মানের বীজ বা আধুনিক সেচ প্রযুক্তিতে বিনিয়োগ করতে পারবেন; মাথার ওপর ঋণের বোঝা না থাকায় কৃষক পরবর্তী মৌসুমে নতুন উদ্যমে চাষাবাদ শুরু করতে সক্ষম হবেন; এই মওকুফ প্রক্রিয়ার মাধ্যমে কৃষকদের ক্রেডিট রেকর্ড বা ঋণমান ভালো হবে। ফলে তারা ব্যাংক থেকে পুনরায় স্বল্প সুদে কৃষি ঋণ গ্রহণ করতে পারবেন, যা তাদের স্থানীয় মহাজনী ঋণের উচ্চ সুদের হাত থেকে রক্ষা করবে; ঋণের বোঝা কমে যাওয়ায় কৃষকরা শস্য, মৎস্য ও পশুপালন খাতে আরও উৎসাহিত হবেন। এতে করে জাতীয় কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে এবং আমদানির ওপর নির্ভরতা কমবে; ঋণ মওকুফের প্রায় তাৎক্ষণিক প্রভাব হিসেবে গ্রাম হতে নগরমুখী অভিবাসন কমবে এবং গ্রামীণ মূল্যস্ফীতি হ্রাস পাবে। মন্ত্রিপরিষদ সচিব জানান, প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া সরকারের ১৯৯১-১৯৯৬ সময়ে ৫ হাজার টাকা পর্যন্ত কৃষি ঋণের সুদ-আসল মওকুফ করা হয়েছিল, যা কৃষকদের কষ্ট লাঘব করে কৃষিতে উৎপাদন বৃদ্ধি করতে কার্যকর ভূমিকা পালন করেছিল।

রমজানের শিক্ষা: সময়ের

না। পবিত্র কুরআনের সূরা আসরে আল্লাহ তাআলা সময়ের কসম খেয়ে বলেছেন, সময়ের কসম! নিশ্চয়ই মানুষ ক্ষতির মধ্যে নিমজ্জিত। রমজানে সময়ের এই সঠিক ব্যবস্থাপনা আমাদের শেখায় যে, জীবনের প্রতিটি সেকেন্ড আল্লাহর ইবাদতে ব্যয় করা সম্ভব যদি আমরা অবহেলা পরিহার করি। তবে কেবল সময়ের কাজ সময়ে করাই যথেষ্ট নয়, প্রয়োজন ইবাদতে গভীর একাগ্রতা বা খুশু-খুযু। সিয়াম সাধনার মূল লক্ষ্য হলো আল্লাহর সান্নিধ্য লাভ করা, যা কেবল যান্ত্রিক ইবাদতে সম্ভব নয়। পবিত্র কুরআনের সূরা মুমিনূনের ২ নম্বর আয়াতে সফল মুমিনের পরিচয় দিতে গিয়ে বলা হয়েছে, যারা নিজেদের নামাজে অত্যন্ত বিনয়ী ও একাগ্র। রমজানের এই দিনগুলোতে আমাদের উচিত দুনিয়াবি ব্যস্ততা কমিয়ে দিয়ে একাগ্রচিত্তে আল্লাহর দরবারে নিজেকে সঁপে দেওয়া। অহেতুক আড্ডা বা মোবাইল ফোনে সময় অপচয় না করে তিলাওয়াত, জিকির ও দুআর মাধ্যমে আধ্যাত্মিক উন্নতির চেষ্টা করাই হলো রমজানের প্রকৃত পাথেয়। সময়ের এই কদর ও একাগ্রতা যদি আমরা সারা বছর ধরে রাখতে পারি, তবেই আমাদের জীবন হবে সুন্দর ও সার্থক।

লেখক: বিশেষ প্রতিবেদক, দৈনিক কীর্তনখোলা

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায়

(পিরোজপুর-ঝালিকাঠী) মো. মোবারক হোসেনের উপস্থিতিতে ভাণ্ডারিয়া থানার ওসি দেওয়ান জগলুল হাসান জানান, সড়ক দুর্ঘটনায় মৃত্যুজনিত ক্ষতিপূরণ সর্বোচ্চ পাঁচ লাখ টাকা, গুরুতর আহত ব্যক্তি সর্বোচ্চ তিন লাখ টাকা এবং সাধারণ আহত ব্যক্তি পাবেন সর্বোচ্চ এক লাখ টাকা। এসময় এসহায়তা পেতে ঘটনার সর্বোচ্চ ৯০দিনের মধ্যে নিকটস্থ বিআরটিএ অফিস বা অনলাইনে আবেদন করতে হবে। আবেদন করতে ৩২নম্বর (স্বাক্ষরিত)পূরণ, মৃত ব্যক্তির ক্ষেত্রে মৃত্যু সনদ ও ওয়ারিশান সনদ, দুর্ঘটানার বিষয়ে পুলিশ রিপোর্ট (ফেয়ার/জিডি), আহত ব্যক্তির চিকিৎসার সনদ ও মেডিকেল রিপোর্ট আবেদনকারী ও ক্ষতিগ্রস্ত ব্যক্তির এনআইডি কার্ডসহ বিআরটিএর নিয়মানুযায়ী আবেদন করতে হবে বলেও জানান ওসি। এসময় তিনি (ওসি) আরো জানান, এ বিষয়ে জনসচেতনতায় বাড়াতে এ সভা করা হয়।

ভোলায় গ্যাসভিত্তিক দুইশ মেগাওয়াট

পরিবহনে বছরে খরচ হবে ৯৩০ কোটি টাকা। দশ বছরের চুক্তির বিপরীতে ৯৩০০ কোটি টাকা পরিবহন খরচ পরিশোধ করতে হবে। তিনি বলেছেন, ১ ঘনমিটার গ্যাস দিয়ে ৪ থেকে ৫ ইউনিট বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব। সেই বিদ্যুৎ সঞ্চালন করে ঢাকায় আনতে খরচ পড়বে ১.২৪ টাকা। এতে কোন রকম বিনিয়োগের প্রয়োজন নেই। আমাদের বিদ্যমান লাইন (ভোলা-বরিশাল) দিয়েই ওই বিদ্যুৎ সঞ্চালন করা সম্ভব। তিনি বলেন, ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস পরিবহনে বছরে খরচ হবে ৯৩০ কোটি টাকা। দুই বছরের সমপরিমাণ টাকা হলেই ২০০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা সম্ভব। ২০০ মেগাওয়াটের বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস প্রয়োজন হবে ৪৫ মিলিয়ন ঘনফুট। পেট্রোবাংলা ওই পরিমাণ গ্যাস ঢাকা এলাকায় বিদ্যুতে সরবরাহ কমিয়ে দিতে পারে। এতে ঢাকা এলাকায় শিল্পের গ্যাস সংকটও দূর হলো, আবার আমাদের বিদ্যুতের সংকটও দূর হবে। বিপিডিবির মালিকানাধীন আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি ভোলায় গ্যাসভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের প্রস্তাব দিয়ে বসে আছে। গ্যাস সরবরাহের নিশ্চয়তা পেতে ২০২৫ সালের ২৩ নভেম্বর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব বরাবরে আবেদন দিয়েছে বলে জানা গেছে। কিন্তু দীর্ঘদিন বিষয়টি ঝুলিয়ে রেখে এলএনজি আকারে গ্যাস আনার তোড়জোড় ছিল। এ জন্য ৪টি কোম্পানির সংক্ষিপ্ত তালিকা করা হয়েছে। দেশে চলছে ভয়াবহ গ্যাস সংকট, এলএনজি আমদানি করেও ঘাটতি সামাল দেওয়া যাচ্ছে না। তেমন সময়ে দ্বীপ জেলা ভোলার উদ্বৃত্ত গ্যাস পড়ে রয়েছে। ভোলাতে ৩টি গ্যাস ফিল্ড আবিস্কৃত হয়েছে। ৯টি কূপ খনন করা হয়েছে, যেগুলোর দৈনিক উৎপাদন সক্ষমতা রয়েছে ১৯০ মিলিয়ন ঘনফুট। চাহিদা না থাকায় কমবেশি ৭০ মিলিয়ন ঘনফুট উত্তোলন করা হচ্ছে।পাশাপাশি আরও ১৫টি কূপ খননের লক্ষ্যে কাজ করছে পেট্রোবাংলা। প্রস্তাবিত কূপ খনন শেষ করলে সেখান থেকে ৩০০ থেকে ৪০০ মিলিয়ন উৎপাদন বাড়ানো সম্ভব মনে করছে বাপেক্স। ভোলার উদ্বৃত্ত গ্যাস আনতে পাইপলাইন স্থাপনের বিষয়ে কয়েক দশক ধরেই আলোচনা চলে আসছে। ভোলা-বরিশাল-খুলনা পাইপলাইনের পরিকল্পনা থাকলেও রুট পরিবর্তন করে ভোলা-বরিশাল-ঢাকা করা হয়েছে। ভোলা-বরিশাল পাইপলাইনের সম্ভাব্যতা যাচাই শেষ হয়েছে, বরিশাল-ঢাকা পাইপলাইনের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ চলমান রয়েছে। বলা যায় অর্থায়ন ইস্যু নিয়েই বিষয়টি ঝুলে রয়েছে এতোদিন। ভোলা থেকে সিএনজি আকারে আনতে একটি কোম্পানির সঙ্গে চুক্তি করেছে আওয়ামী লীগ সরকার। নির্বাহী আদেশে সেই গ্যাসের পরিবহন খরচ ২৯.৯০ টাকা নির্ধারণ করা হয়েছে। গ্যাসের দামসহ ভোক্তাকে দিতে হচ্ছে ৪৭.৫০ টাকা। তারই আলোকে এলএনজি আনার তোড়জোড় শুরু করে অন্তবর্তীকালীন সরকার। সিএনজির দামের মতোই এলএনজি সরবরাহের পরিবহন খরচ ২৯.৯০ টাকা করার প্রস্তাব করেছে পেট্রোবাংলা। সেই প্রস্তাবের উপর গণশুনানি নিয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। জানুয়ারির শেষ সপ্তাহে শুনানি গ্রহণ করলেও এখন আদেশ দেওয়া হয়নি। তেমন একটি সময়ে ভোলায় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্তকে সঠিক সিদ্ধান্ত বলে মনে করছেন অনেকেই। তারা বলেছেন এতে রাষ্ট্রের বিশাল অপচয় থেকে রক্ষা পাবে।

ভোলায় ডাকাতির প্রস্তুতিকালে

গোয়েন্দা (ডিবি) পুলিশ নিয়মিত বিভিন্ন ইউনিয়নের অভিযান চালিয়ে আসছে। এরই ধারাবাহিকতায় মঙ্গলবার দিবাগত রাত জেলা গোয়েন্দা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) মাহমুদুল হাসানের নেতৃত্বে ডিবি পুলিমের একটি টিম সদর উপজেলার ইলিশা ইউনিয়নে অভিযান চালায়। এ সময় চর ইলিশা গ্রামের সবুজ হাওলাদারের সুপারি বাগানের ভিতর থেকে ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ মহিউদ্দিন নামের এক ডাকাত সদস্যকে আটক করা হয়। এ সময় মহিউদ্দিনের কাছ থেকে ১টি লোহার হাতল যুক্ত চাইনিচ কুড়াল, ১টি লোহার পাইপ রেইঞ্চ, ২টি কাঠের হাতলযুক্ত দাড়ালো বগিদা, ২টি ধারাালো ছুরি, ১টি লোহার গেজি, ১টি লোহার সাবল, ১টি লোহার রড ও ২টি প্লাস্টিকের পাইপ উদ্ধার করা হয়। ভোলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক মো. ইকবাল হোসেন এ তথ্য নিশ্চিত করে জানান, আটক মহিউদ্দিনের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

খাল পুনঃখননে বদলে গেছে

কৃষকদের বছরে মাত্র একটি ফসল উৎপাদন করেই সন্তুষ্ট থাকতে হতো। আবার বর্ষা মৌসুমে পানি নিষ্কাশনের ব্যবস্থা না থাকায় চাষের জমি ডুবে যেত, নষ্ট হতো ক্ষেতের ফসল। এর সঙ্গে যুক্ত ছিল ভাঙাচোরা রাস্তার দুর্ভোগ কৃষিপণ্য পরিবহনে কৃষকদের পড়তে হতো চরম ভোগান্তিতে। এই দুর্ভোগ লাঘবে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর অধীনে ‘জলবায়ু ও দুর্যোগ সহনশীল ক্ষুদ্রাকার পানি সম্পদ ব্যবস্থাপনা প্রকল্প’-এর আওতায় নলবুনিয়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির মাধ্যমে ৯টি খালের ১৯ কিলোমিটার অংশ পুনঃখনন করা হয়। প্রকল্পটির ব্যয় ধরা হয়েছে ৩ কোটি ৫৫ লাখ ৩৭ হাজার টাকা। খাল পুনঃখননের পাশাপাশি নতুন রাস্তা নির্মাণ করায় যোগাযোগ ব্যবস্থারও উন্নয়ন হয়েছে। নলবুনিয়া-আগাপাড়া এলাকার কৃষক জালাল, এমাদুল ও মজিবরসহ একাধিক স্থানীয়রা বলেন, “কিছুদিন আগেও খালগুলো ডোবা-নালার মতো হয়ে পড়েছিল। গ্রামের লোকজন সেখানে ময়লা-আবর্জনা ফেলত। ফলে মশা-মাছির উপদ্রব বেড়ে যেত, ডেঙ্গু ও ম্যালেরিয়ার মতো রোগের ঝুঁকি তৈরি হতো। দুর্গন্ধের কারণে চলাচলও কঠিন ছিল। এখন খাল খননের ফলে পরিবেশ যেমন ভালো হয়েছে, তেমনি আমরা কৃষকরাও উপকৃত হবো। তাঁতীপাড়া গ্রামের কৃষক জুয়েল জোমাদ্দার বলেন, “পানির অভাবে আগে শুধু বর্ষায় একবার ধান চাষ করতে পারতাম। এখন সেচের সুবিধা পাওয়ায় বছরে দুই থেকে তিনটি ফসল ফলানো সম্ভব হবে। এতে বেকারত্ব কমবে এবং আমরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে পারবো। সরকার যেন এ ধরনের প্রকল্প অব্যাহত রাখে এটাই আমাদের দাবি। নিশানবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ড. কামরুজ্জামান বাচ্চু বলেন, “নলবুনিয়া সমবায় সমিতির মাধ্যমে খালগুলো পুনঃখননের ফলে কৃষিক্ষেত্রে এক নতুন সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়েছে। এক ফসলি জমি দুই থেকে তিন ফসলি জমিতে রূপান্তরিত হবে। এতে কৃষি উৎপাদনে ইতিবাচক পরিবর্তন আসবে এবং বেকারত্ব কমবে। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) মো. শাখাওয়াত হোসেন জানান, “প্রকল্প অনুযায়ী খালগুলো যথাযথভাবে পুনঃখনন করা হয়েছে। এতে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং জীববৈচিত্র্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সরকারের নির্দেশনা অনুযায়ী ভবিষ্যতেও এ ধরনের উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন অব্যাহত থাকবে। উপজেলা কৃষি কর্মকর্তা আবু জাফর মো. ইলিয়াস বলেন, “গ্রীষ্মে পানির অভাব এবং বর্ষায় জলাবদ্ধতার কারণে এতদিন ধানসহ বিভিন্ন ফসলের উৎপাদন ব্যাহত হতো। এখন খাল পুনঃখননের ফলে সেচ সুবিধা নিশ্চিত হয়েছে এবং জলাবদ্ধতা কমেছে। ফলে কৃষকরা বছরে একাধিকবার ফসল ফলাতে পারবেন এবং আর্থিকভাবে লাভবান হবেন।

সুন্দরবন ও বঙ্গোপসাগরে ফের জলদস্যু

দাবি, ‘বড় জাহাঙ্গীর’ ও ‘ছোট জাহাঙ্গীর’ নামে পরিচিত দুটি জলদস্যু চক্র সম্প্রতি সক্রিয় হয়ে উঠেছে। এসব চক্রের বিরুদ্ধে ট্রলার ডাকাতি, অপহরণ এবং মুক্তিপণ আদায়ের অভিযোগ রয়েছে। গত ১৫ ফেব্রুয়ারি সুন্দরবনের কটকা এলাকা থেকে পাথরঘাটা সদর ইউনিয়নের রুহিতা গ্রামের মাসুম মাঝিকে ট্রলারসহ অপহরণ করা হয়। পরে চার লাখ টাকা মুক্তিপণের বিনিময়ে তিনি মুক্তি পেলেও ট্রলারের তিন মাঝি মাহবুব (২৭), সোহেল (১৭) ও রাজু (২৬) এখনো নিখোঁজ রয়েছেন বলে পরিবারের দাবি। এ ছাড়া বুধবার জলদস্যুরা জেলে রাজু (৩১) ও কাঁকড়াশিকারি নিহার মণ্ডলকে এক লাখ টাকা মুক্তিপণের পর ছেড়ে দেয়। ফেরার পথে আরেকটি দস্যু দল তাদের ট্রলার লক্ষ্য করে গুলি চালায়। এতে ট্রলার ক্ষতিগ্রস্ত হলেও তারা প্রাণে বেঁচে যান। মুক্ত হয়ে আসা নিহার মণ্ডল অভিযোগ করেন, নিয়মিত চাঁদা দেওয়ার পরও তাকে অপহরণ করে চোখ বেঁধে জঙ্গলে নিয়ে শিকল পরিয়ে রাখা হয়। মুক্তিপণ পাওয়ার পর তাকে ছেড়ে দেওয়া হয়। অন্যদিকে জেলে রাজু জানান, কটকা এলাকায় মাছ ধরার সময় তাদের কয়েক দিন আটকে রাখা হয়। মুক্তির পর ফেরার পথে আবারও বাধার মুখে পড়লে দ্রুত ট্রলার চালিয়ে সেখান থেকে সরে আসে। বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতির নেতারা যৌথ বাহিনীর অভিযান জোরদার, নৌ টহল বৃদ্ধি এবং অপহৃত জেলেদের দ্রুত উদ্ধারের দাবি জানিয়েছেন। তাদের ভাষ্য, জলদস্যুদের তৎপরতায় জেলেরা সাগরে যেতে আতঙ্কিত, যা উপকূলীয় অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলছে। পাথরঘাটা উপজেলা নির্বাহী কর্মকর্তা ইসরাত জাহান বলেন, জেলেদের দেওয়া স্মারকলিপি গ্রহণ করা হয়েছে এবং বিষয়টি গুরুত্বসহকারে দেখা হচ্ছে।

লালমোহনে অবৈধ বালু

তিনি বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অবৈধভাবে বালু উত্তোলন ও পরিবহনের দায়ে ওই ব্যবসায়ীকে দেড় লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে। বালু মহাল ও মাটি ব্যবস্থাপনা আইন-২০২৩ এর ৪ ধারায় এই অর্থদণ্ড প্রদান করা হয়। কারণ অবৈধ বালু উত্তোলনের ফলে নদীর স্বাভাবিক প্রবাহ ব্যাহত হয় এবং ভাঙনসহ নানা পরিবেশগত ঝুঁকি তৈরি হয়। নদী ও পরিবেশ রক্ষায় প্রশাসন কঠোর অবস্থানে রয়েছে।

পটুয়াখালীতে চরম নাব্যতা সংকট

প্রধান চ্যানেলের পরবর্তী অংশেও একই চিত্র দেখা গেছে। কোথাও কোথাও নদীর পাড় থেকে ৬০-৭০ ফুট দূরত্ব পর্যন্ত পানি নেই শুধু বালুকাময় চর। কয়েকটি ছোট নৌযানকে চরের ওপর আটকে থাকতে দেখা যায়। পাশেই একটি ছোট ড্রেজার মেশিনের মাধ্যমে কেবল লঞ্চ চলাচলের নির্দিষ্ট অংশে ড্রেজিং করা হলেও পুরো নদীতে টেকসই নাব্যতা ফিরিয়ে আনতে তা যথেষ্ট নয় বলে দাবি স্থানীয়দের। প্রিন্স কামাল-১ লঞ্চের চালক মো. নাসির উদ্দিন খাঁন বলেন, ‘আমি প্রায় ৩০-৩৫ বছর ধরে লঞ্চ চালাই। তারমধ্যে এই রুটেই ১৫ বছর। নদীর বর্তমান যে অবস্থা, এতে লঞ্চ চালানো খুব কষ্টের। জোয়ার-ভাটা দেখে ঢোকা লাগে এবং বাইর হওয়া লাগে। যদি ভাটায় ছাইড়া যাই, তাইলে বিভিন্ন চরে আইটকা যাই। সেখানে ৪-৫ ঘণ্টা আইটকা থাকি। এরপর ছুইটা যাইতে হয়। যাত্রীদের অনেক হয়রানি হয়, আমাদেরও হয়রানি হতে হয়। বিভিন্ন মানুষের কটু কথা শোনা লাগে। যদি মাটি খনন না করে, তাহলে লঞ্চ চলাচল বন্ধ হয়ে যাবে পটুয়াখালী রুটের। তিনি আরও বলেন, ‘আগে তো লঞ্চ দাঁড় করাইতাম ওইপাশের টার্মিনালে কিন্তু এখন যাইতে পারতেছি না চরের কারণে। তারপর এই লাস্ট মাথায় দাঁড়া করাইছি, তাও তো বেজে পড়ে মাঝেমধ্যে। কর্তৃপক্ষের কাছে আমাদের দাবি, দ্রুত মাটি খনন করা হোক; যাতে ভালোভাবে আমাদের লঞ্চগুলো চলতে পারে। লঞ্চঘাটে উপস্থিত পটুয়াখালী জেলা যুবদলের সাবেক সহ-সভাপতি সৈয়দ মোস্তাফিজুর রহমান রুমি বলেন, সৌন্দর্যমণ্ডিত পটুয়াখালী শহরের চারিদিকে নদী এই নদীর সৌন্দর্যকে রক্ষা করার দায়িত্ব আমাদের সকলের। কিন্তু আমরা এই নদীর নাব্যতা হারাচ্ছি নদী দখলের কারণে। এই যে নদী বন্দর কর্তৃপক্ষ, তারা কিভাবে ড্রেজিং করাচ্ছে, আমরা বুঝতেছি না। মাটি কেটে নিচ্ছে-উঠাচ্ছে, আবার সেই মাঠেই নদীতে পড়ছে। এটাকে তো নদী খনন বলে না। আমরা এই আসনের এমপি আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরীর মাধ্যমে নৌ-পরিবহন মন্ত্রণালয়সহ প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, আপনারা যে খাল খনন ও নদী খনন এর প্রকল্প হাতে নিয়েছেন, সেটিতে পটুয়াখালীর দিকে নজর দিন। এখানকার নদীর অবস্থা খুবই খারাপ, লঞ্চ ঢুকতে পারছে না। পটুয়াখালী সৌন্দর্য ও অর্থনীতি ধ্বংস হচ্ছে। দক্ষিণাঞ্চল থেকে ঢাকার সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে পদ্মা সেতু চালু হওয়ার পর থেকেই এ রুটে যাত্রী ও মালামাল পরিবহনের পরিমাণ কিছুটা কমেছে। সংশ্লিষ্টদের দাবি, নাব্যতা সংকটের কারণে বর্তমানে যে পরিমাণ যাত্রী ও পণ্য পরিবহন হচ্ছে, তারও একটি বড় অংশ হ্রাস পেয়েছে। লঞ্চঘাটের শ্রমিক জসিম হাওলাদার বলেন, ‘আমি ছোডবেলা থেইকাই এখানে কাম করি। নদীকে কেন্দ্র কইরাই আমাগো জীবিকা। অন্তত ৪০ বছর ধইরা এই ঘাটে কাম করতাছি কিন্তু নদীর এই অবস্থার কারণে বর্তমানে ঘাটটা পঙ্গু হইয়া যাইতাছে। এই ঘাটে আগে ৮০-৯০ জন শ্রমিক কাম করতাম। এহন লঞ্চ ভালোভাবে আইতে পারে না। তাই যাত্রীও আয় না আর মালামালও তেমন আয় না। ব্যবসায়ীরা মালামাল আনে গাড়ির পথে। আমাদের খুব সমস্যা হইতাছে। এহানে ওই একটা ড্রেজার মেশিন আছে, তা বচ্ছর ঠিহা ওহানে আউররা কইরা রাইখা খায় ঘুমায়। দেখি তেল আয় ভরে কিন্তু একদিন চললে ২০ দিন হেরা ঘুমায়। এইডার দিকে সবাইর নজর দেওয়া উচিত।’ লঞ্চঘাটের পল্টনে ৪০ বছর ধরে ব্যবসা করা মো. হারুণ-অর-রশিদ বলেন, ‘আগে এই নদীটা অনেক বড় ছিল। কিন্তু চড় পড়ার কারণে এখন ছোট হইয়া গেছে। তেমন যাত্রী আমাগো তেমন বেচা-কিনা কইম্মা গেছে।’ পটুয়াখালী জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মো. আল আমিন হাওলাদার বলেন, ‘পটুয়াখালী লঞ্চঘাটটি নাব্যতা হারাচ্ছে তা নয়, অলরেডি নাব্যতা হারিয়ে ফেলছে। এই যে এখানে যেমনটি দেখতে পাচ্ছেন, সেটা শুধু চড় না চাইলে মানুষ এখানে বাসা-বাড়ি করতে পারবে। যদি সন্ধ্যায় আসেন, দেখতে পাবেন ৬টায় লঞ্চ ছাড়লে প্রায় ১ ঘণ্টা লাগে শুধু ঘাটের এই মোড়টা অতিক্রম করতে। কারণ, লঞ্চ ঘোড়ার সময় চড়ে বেজে যায়। এমন চলতে থাকলে হয়তো এমন হবে-আমাদের ভবিষ্যত প্রজন্মের কাছে গল্পের মত মনে হবে যে এখানে একটি লঞ্চঘাট ছিল এবং ৪-৫ টা দোতলা লঞ্চও ঈদের সময় ঘাট দিত। কর্তৃপক্ষের নিকট আমাদের আবেদন, যাতে লঞ্চ ঘাটটিকে নাব্যতার দিক থেকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা হয়। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর বরিশাল বিভাগীয় নির্বাহী প্রকৌশলী (ড্রেজিং অফিসার) মো. মামুন-উর-রশীদ বলেন, ‘যে পরিমাণ পলি পটুয়াখালী নদী বন্দরে প্রবেশ করে, আসলে তা নদীর গতিপথ পরিবর্তনের কারণে অর্থাৎ স্রোত কম হওয়ার কারণে চলে যেতে পারে না বরং থেকে যায়। যত স্রোতস্বিনী নদী থাকে, তত দ্রুত পলিটা বের হয়ে চলে যায়। এখানকার মূল সমস্যাটি আমরা ধরতে পেরেছি। এই অর্থবছর আপাতত ড্রেজিং করছি, বাকি অর্থ বছরে বোঝা যাবে, আমরা কতটা সফল নাকি ব্যর্থ। আমরা বর্তমানে নৌযান চলাচলের চ্যানেলটি ঠিক রাখার চেষ্টা করছি। ড্রেজিং এর মাধ্যমে ২৫০ ফুট প্রস্থ ধরে নাব্যতা সৃষ্টি করছি। নৌযান যাতে স্বাভাবিকভাবে চলতে পারে, সেভাবে আমরা ব্যবস্থা নিচ্ছি।’

কলাপাড়ায় বিনা খরচে গ্রাম আদালতে

৯৮ টি মামলা দায়ের হয় । এর মধ্যে দেওয়ানী ৯১ টি ও ফৌজদারী ৭ টি মামলা। ৮১ জন পুরুষ ও ১৭ জন নারী মামলাগুলো দায়ের করেছেন । নিস্পত্তিকৃত মামলার মধ্যে সিদ্ধান্ত বাস্তবায়ন হয়েছে ৯৮ টি মামলা এবং ক্ষতিপূরণ আদায় ৪১,৫৫,০০০/- একচল্লিশ লক্ষ পঞ্চান্নহাজার টাকা মাত্র যা ক্ষতিগ্রস্থদের পক্ষে দেওয়া হয়েছে। মিঠাগঞ্জ ইউনিয়নের আলীগঞ্জ গ্রামের বাসিন্দা মো: ফিরোজ ইসলাম জিয়া বলেন, তিনি একই গ্রামের মোসা. তামান্নাকে ১ লক্ষ টাকা ধার বাবদ দিয়েছিলেন। টাকা চাইতে গেলে বিভিন্ন অজুহাতে সময়ক্ষেপন করতে থাকেন। পরবর্তীতে মো: ফিরোজ ইসলাম জিয়া মাত্র ২০ টাকা খরচ করে গ্রাম আদালতের মাধ্যমে ১ লক্ষ টাকা ফেরত পেয়েছেন। গ্রাম আদালতের মাধ্যমে দ্রুত ও স্বল্প খরচে ন্যায় বিচার পেয়ে সাধারন মানুষ খুশি। সাফাখালী গ্রামের মোঃ শাহা আলম রাড়ী বলেন, তার ৪ শতাংশ জমি যার আনুমানিক মূল্য ১,২০,০০০/- জোর পূর্বক ভোগ করে আসিতেছিল একই গ্রামের মোঃ লাল মিয়া রাড়ী। জমি চাইতে গেলে জমি দিতে অস্বিকার করে। পরবর্তীতে শাহা আলম রাড়ী ২০ টাকা ফিস দিয়ে দেওয়ানী মামলা দায়ের করেন গ্রাম আদালতে। অল্প সময়ে গ্রাম আদালতের শুনানি শেষে সর্বসম্মতি ক্রমে মামলার নিস্পত্তি হয়। রায় অনুযায়ী শাহা আলম রাড়ী বিচারে খুশি হয়ে বলেন গ্রাম আদালত না থাকলে হয়তো কখনোই ন্যায় বিচার পেতাম না। এ প্রকল্পে কলাপাড়া উপজেলা সমন্বয়কারী রাশেদ খান বলেন, ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতকে সক্রিয় করার লক্ষ্যে মিঠাগঞ্জ ইউনিয়ন পরিষদের উদ্যোগে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন হচ্ছে। এরপর থেকেই গ্রামের দরিদ্র, অসহায় সুবিধা বঞ্চিত মানুষ বিশেষ করে নারী ও পিছিয়ে পরা জনগোষ্ঠি গ্রাম আদালতের বিচারিক সেবা পেতে শুরু করেছে। গ্রাম আদালতের মাধ্যমে গড়ে একটি মামলা নিস্পত্তিতে সময় লেগেছে মাত্র ১০ দিন।

জুনিয়র বৃত্তিঃ বরিশাল জিলা

দিচ্ছেন বিদ্যালয়ের প্রধানশিক্ষক মুহাম্মদ নুরুল ইসলামকে। তাঁর দক্ষ নেতৃত্ব, দূরদর্শী পরিকল্পনা ও শিক্ষাবান্ধব পরিবেশ সৃষ্টির ফলেই এ অর্জন সম্ভব হয়েছে বলে মনে করছেন শিক্ষার্থীদের অভিভাবকরা। প্রধানশিক্ষকের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের জন্য নেওয়া হয় বিশেষ প্রস্তুতি কর্মসূচি, নিয়মিত মডেল টেস্ট, নিবিড় মনিটরিং ব্যবস্থা, যা শিক্ষার্থীদের আত্মবিশ্বাস ও প্রস্তুতিকে আরও শক্তিশালী করেছে। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিদ্যালয় সূত্রে জানা গেছে, শুধু পাঠদান নয়; শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা ও শৃঙ্খলার প্রতিও সমান গুরুত্ব দেওয়া হয়েছে। শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকদের সমন্বিত প্রচেষ্টায় একটি ইতিবাচক শিক্ষাবান্ধব পরিবেশ গড়ে তোলা সম্ভব হয়েছে। যার ফলশ্রুতিতে এ নজিরবিহীন সাফল্য। প্রধানশিক্ষক মুহাম্মদ নুরুল ইসলাম বলেন, এ অর্জন আল্লাহর অশেষ রহমত। আমাদের শিক্ষকবৃন্দের আন্তরিকতা, শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম এবং অভিভাবকদের সহযোগিতাই এ সাফল্যের মূলভিত্তি। ভবিষ্যতেও আমরা এ ধারাবাহিকতা বজায় রাখতে সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাবো।

পিরোজপুরে জেলা প্রশাসনের

পরিদর্শনকালে নিত্যপণ্যের মূল্য তালিকা টানানো, অতিরিক্ত দাম না নেওয়া, বাজারের রাস্তা দখল করে মালামাল না রাখাসহ পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখার ওপর গুরুত্ব আরোপ করেন অতিরিক্ত জেলা প্রশাসক। এ সময় ৫ ব্যবসায়ীকে বিভিন্ন অনিয়মের দায়ে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে বাজার দখলমুক্ত করতে ফুটপাত ও বাজারের জায়গায় যেসব অবৈধ স্থাপনা গড়ে তোলা হয়েছে তার মধ্যে কয়েকটি উচ্ছেদ করা হয়। বাকিগুলোর মালিকদের নিজ দায়িত্বে তাদের অবৈধ স্থাপনা সরিয়ে নেওয়ার নির্দেশ দেওয়া হয়। বাজার তদারকি শেষে অতিরিক্ত জেলা প্রশাসক তানজিলা কবির ত্রপা বলেন, আমরা জেলা প্রশাসকের নির্দেশে বাজার মনিটরিং করছি। আমরা বেশ কিছু অসঙ্গতি লক্ষ্য করেছি। তাই তাদের বিভিন্ন অঙ্কের টাকা জরিমানা করা হয়েছে।

হিটলার যুগের কৌশল অবলম্বন

হিটলার যুগের কৌশল অবলম্বন করে ইচ্ছাকৃত মিথ্যাচার ছড়াচ্ছেন ট্রাম্প। খবর তেহরান টাইমসের। কংগ্রেসে দেওয়া ভাষণে ট্রাম্প দাবি করেন, গত বছর পরিচালিত হামলায় যুক্তরাষ্ট্র ইরানের পারমাণবিক কর্মসূচি ধ্বংস করে দিয়েছে। তিনি আরও বলেন, ইরান ৩০ হাজারের বেশি বিক্ষোভকারীকে হত্যা করেছে এবং তথাকথিত সন্ত্রাসবাদের ক্ষেত্রে বিশ্বের শীর্ষ রাষ্ট্র-সমর্থক হিসেবে রয়ে গেছে। তবে ইরানি কর্মকর্তাদের মতে, এসব মন্তব্য একটি পরিকল্পিত বিভ্রান্তিমূলক প্রচারণার অংশ। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমাইল বাঘায়ি বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলি কর্মকর্তাদের পুনরাবৃত্ত অভিযোগগুলো ইচ্ছাকৃতভাবে একটি মিথ্যা বর্ণনা দাঁড় করানোর ওপর নির্ভর করছে। বাঘায়ি লেখেন, পেশাদার মিথ্যাবাদীরা সত্যের ভ্রম সৃষ্টি করতে ওস্তাদ। তিনি জার্মানির নাৎসি প্রচারমন্ত্রী জোসেফ গোয়েবলস-এর সঙ্গে প্রায়ই সম্পৃক্ত একটি প্রচারণা নীতির উদ্ধৃতি দেন; একটি মিথ্যা বারবার বললে তা সত্যে পরিণত হয়। তার দাবি, এই কৌশল এখন মার্কিন প্রশাসন ও তাদের মিত্ররা পদ্ধতিগতভাবে ব্যবহার করছে। বাঘায়ি বলেন, এই পন্থা যুক্তরাষ্ট্র সরকার এবং তাদের ঘিরে থাকা যুদ্ধবাজ গোষ্ঠী; বিশেষ করে গণহত্যাকারী ইসরায়েলি শাসন, ইরানি জাতির বিরুদ্ধে সমন্বিত বিভ্রান্তি ও মিথ্যা তথ্য প্রচারণা চালাতে ব্যবহার করছে। তিনি আরও যোগ করেন, ওয়াশিংটন ও তেল আবিব ইরানের পারমাণবিক কার্যক্রম, ক্ষেপণাস্ত্র সক্ষমতা এবং বিক্ষোভে হতাহতের সংখ্যা নিয়ে পুরোনো অভিযোগ পুনর্ব্যবহার করে ভবিষ্যৎ আগ্রাসনের ভিত্তি তৈরি করছে। চলতি বছরের জানুয়ারিতে ইরানে চলা বিক্ষোভে ৩০ হাজারের বেশি মানুষ নিহত হয়েছে, ট্রাম্পের এমন দাবি বাস্তব সংখ্যার তুলনায় দশগুণ বেশি। ইরানি কর্তৃপক্ষ ফরেনসিক মেডিসিন অর্গানাইজেশন, কবরস্থান ও স্থানীয় হাসপাতালগুলোর সঙ্গে কয়েক দিনের তদন্ত শেষে প্রায় ৩ হাজার ১০০ জন নিহতের পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করেছে, যেখানে নাম ও পরিচয় নম্বর উল্লেখ রয়েছে। এ সংখ্যা নিয়ে বিতর্ক থাকলে প্রমাণ হাজির করার চ্যালেঞ্জও জানানো হয়েছে। ইরানি কর্তৃপক্ষের অভিযোগ, জানুয়ারির দাঙ্গা শুরু হয়েছিল যুক্তরাষ্ট্রের বহু বছরের নিষেধাজ্ঞা ও হঠাৎ ডলার সংকটজনিত অর্থনৈতিক দুর্দশার প্রতিবাদে শান্তিপূর্ণ বিক্ষোভ হিসেবে। পরে পরিস্থিতির অবনতি ঘটে, যখন সিআইএ ও মোসাদের অনুপ্রবেশকারীরা অস্ত্র নিয়ে রাস্তায় নেমে নিরাপত্তা বাহিনীর সদস্য ও সাধারণ নাগরিকদের হত্যা করে এবং সরকারি-বেসরকারি সম্পত্তিতে অগ্নিসংযোগ করে। তাদের দাবি, প্রায় ২ হাজার ৫০০ মানুষ এসব সশস্ত্র ব্যক্তিদের হাতে নিহত হন। নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে নিহত হন প্রায় ৬০০ দাঙ্গাকারী। ট্রাম্পের মন্তব্যের প্রতিক্রিয়া জানিয়েছেন ইরানের পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাকের কালিবাফ। বুধবার এক ভাষণে তিনি বলেন, ভুল গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত না নিতে তিনি আগে থেকেই মার্কিন প্রেসিডেন্টকে সতর্ক করেছিলেন। কালিবাফ বলেন, ভুল তথ্য দিয়ে বিশ্লেষণ করবেন না এবং ভুল সিদ্ধান্ত নেবেন না। তিনি দাবি করেন, যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থাগুলো ভুলভাবে জানিয়েছিল যে বিক্ষোভের সময় মাশহাদ শহর দাঙ্গাকারীদের নিয়ন্ত্রণে চলে গেছে। তিনি আরও উল্লেখ করেন, ২ জানুয়ারি ট্রাম্প প্রকাশ্যে বিক্ষোভকারীদের প্রতি সমর্থন জানিয়ে মন্তব্য করেছিলেন, যা সন্ত্রাসবাদকে উৎসাহিত করেছে। এদিকে, ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে তৃতীয় দফা পারমাণবিক আলোচনা বৃহস্পতিবার জেনেভায় অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

টিউলিপ সিদ্দিককে গ্রেপ্তারে

আদালত। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) ঢাকা মহানগর জ্যেষ্ঠ বিশেষ জজ আদালতের বিচারক মো. সাব্বির ফয়েজ দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পর এই আদেশ দেন। এদিন দুদকের পক্ষে সংস্থাটির সহকারী পরিচালক এ কে এম মর্তুজা আলী সাগর পলাতক এই আসামির গ্রেপ্তারের জন্য ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারির আবেদন করেন। শুনানি শেষে আদালত তা মঞ্জুর করে আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী মো. রিয়াজ হোসেন এ তথ্য জানিয়েছেন। দুদকের আবেদনে বলা হয়, তার বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার করে কোন টাকা পরিশোধ না করেই অবৈধ পারিতোষিক হিসেবে ইস্টার্ন হাউজিং লিমিটেডের কাছ থেকে অবৈধ সুবিধা নিয়ে রেজিস্ট্রি দলিল মূলে ফ্ল্যাটের এর দখল বুঝে নেওয়ার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। তদন্তে আরও বলা হয়, আসামি টিউলিপ রিজওয়ানা সিদ্দিক ইস্টার্ন হাউজিং লিমিটেডের অনুকূলে গুরুতর অনিয়মের কারণে হস্তান্তরযোগ্য ছিলো না তা জানা সত্ত্বেও টিউলিপ রিজওয়ানা সিদ্দিক তার আপন খালা শেখ হাসিনা, প্রধানমন্ত্রী হিসেবে ক্ষমতায় থাকার সুবাদে এবং প্রধানমন্ত্রীর আপন ভাগ্নি হওয়ায় তাদের দলীয় প্রভাবিত রাজউকের আইন উপদেষ্টা হওয়ার সুবাদে রাজউকের আইন কর্মকর্তাকে অবৈধভাবে প্রভাবিত করে ইস্টার্ন হাউজিং লিমিটেডকে আমমোক্তার অনুমোদনপূর্বক ও ফ্ল্যাট বিক্রয়ের অনুমোদন করিয়ে অবৈধ সুবিধা দেয়া ও নেয়ার মাধ্যমে অপরাধজনক যড়যন্ত্রের অংশ হিসেবে ফ্ল্যাট নং-বি/২০১, বাড়ি নং ৫এ ও ৫বি (পুরাতন), বর্তমানে- ১১এ, ১১বি (নতুন), রোড নং ৭১, গুলশান বিনা মূল্যে গ্রহণ করেন বিধায় তার বিরুদ্ধে মামলাটি রুজু করা হয়। কিন্তু মামলা দায়েরের পূর্বেই আসামি টিউলিপ রিজওয়ানা সিদ্দিক দেশত্যাগ করেছেন এবং মামলা প্রমাণে সহায়ক প্রমাণাদি ও আলামত বিনষ্ট করার চেষ্টা করছে বিধায় তাকে গ্রেপ্তার করা প্রয়োজন। তবে, আসামি ইতোমধ্যে দেশত্যাগ করায় তাকে গ্রেপ্তার করার জন্য ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারি করা একান্ত প্রয়োজন।

ইন্দুরকানীতে ইয়াবাসহ

নুর মোহাম্মদের ছেলে মো. নাঈম (২২) এবং মোনাঈম খানের ছেলে ফেরদৌস খান (২০)। সংশ্লিষ্ট সুত্রে জানা গেছে, ইন্দুরকানী থানার এসআই ইসমাইলের নেতৃত্বে পুলিশের একটি দল গোপন সংবাদের ভিত্তিতে চন্ডিপুর এলাকায় অভিযান চালায়। এসময় নাঈমের বাড়ির সামনে থেকে তাদের আটকের সময় নাঈমের কাছ থেকে ৮ পিস, সিফাত ইসলামের কাছ থেকে ২ পিস এবং ফেরদৌস খানের কাছ থেকে ২ পিসসহ মোট ১২ পিস ইয়াবা উদ্ধার করা হয়। ইন্দুরকানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শামীম হাওলাদার জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে। তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে। এ ধরনের অভিযান চলমান থাকবে।

উজিরপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে

মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান পার্শ্ববর্তী বসতঘরগুলোতে ছড়িয়ে পড়ে। ক্ষতিগ্রস্ত পরিবারের বরাত দিয়ে উজিরপুর মডেল থানার ওসি মো. রকিবুল ইসলাম জানিয়েছেন, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত ঘটেছে। মুহূর্তের মধ্যে আগুনের লেলিহান ওই বাড়ির প্রতিটি ঘরে ছড়িয়ে পরে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একাধিক ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে প্রায় দেড় ঘণ্টাব্যাপী চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। ততক্ষণে ওই বাড়ির বাসিন্দা সিদ্দিক মল্লিক, আবদুল জলিল, কবির হোসেন, আব্দুর রব, জুয়েল মল্লিক, সুজন মল্লিক, রবিন মল্লিক ও মনির হোসেন মল্লিকের বসত ঘর সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। উজিরপুরের উপজেলা নির্বাহী অফিসার মো. আলী সুজা জানিয়েছেন, ক্ষতিগ্রস্তদের সরকারের পক্ষ থেকে সাধ্যমতো সহযোগিতা করা হবে। এজন্য ক্ষয়ক্ষতির পরিমাণ নিরুপণের কাজ চলছে।

পিরোজপুরে গভীর রাতে বসতঘরে

রয়েছে, আগুন দেওয়ার আগে তারা ঘরে ঢুকে মূল্যবান মালামাল লুট করে নেয়। এ সময় রনজিত বাধা দিতে গেলে তাকে এলোপাতাড়িভাবে মারধর করা হয় এবং ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করা হয়। পরে দুর্বৃত্তরা ঘরে আগুন ধরিয়ে দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে। হঠাৎ ‘আগুন আগুন’ চিৎকার শুনে আশপাশের লোকজন ছুটে এসে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন। স্থানীয়দের সহযোগিতায় আগুন কিছু সময়ের মধ্যে নিয়ন্ত্রণে আসে। তবে এরই মধ্যে ঘরের বেশ কিছু আসবাবপত্র ও মালামাল পুড়ে যায় বলে জানা গেছে। গুরুতর আহত অবস্থায় রনজিত দাসকে উদ্ধার করে পিরোজপুর জেলা হাসপাতালে পাঠানো হয়। সেখানে তিনি চিকিৎসাধীন রয়েছেন। এ বিষয়ে ইন্দুরকানী থানার ওসি মো. শামীম হাওলাদার বলেন, খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থল পরিদর্শন করেছে। ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।

পটুয়াখালীতে ৩শ কোটি

তরমুজ চাষে আগ্রহী হচ্ছেন। কোথাও পরিপক্ব ফল তোলার অপেক্ষায়, কোথাও গাছে নতুন ফল ধরছে, আবার কোথাও চারায় ফুটেছে হলুদ ফুল। পটুয়াখালী সদর উপজেলার মাদারবুনিয়া ইউনিয়নের তরুণ চাষি মো. বেলাল মৃধা জানান, আগে তিনি একটি কীটনাশক কোম্পানিতে চাকরি করতেন। কাজের সুবাদে তরমুজ চাষ সম্পর্কে ধারণা পান। এবার চাকরি ছেড়ে নিজেই তরমুজ চাষে নেমেছেন। প্রায় ৯ কানি (প্রায় ২৫ একর) জমির মধ্যে দেড় কানি জমিতে আগাম জাতের তরমুজ চাষ করেছেন তিনি। বেলাল বলেন, ‘অন্য জায়গায় পুরো ফলন আসতে এখনও সময় লাগবে, কিন্তু আমার ক্ষেতে তরমুজ এরই মধ্যে বড় হয়ে গেছে। ৮-১০ রমজানের মধ্যেই বিক্রি শুরু করতে পারবো।’ তরমুজ চাষে প্রায় সাড়ে চার লাখ টাকা ব্যয় হয়েছে বেলালের। অনুকূল পরিস্থিতি থাকলে ১৪-১৫ লাখ টাকার তরমুজ বিক্রির আশা করছেন তিনি। বেলালের ভাই জাফর মৃধা বলেন, ‘সারাদিন মাঠে কাজ করে গাছে সুন্দর তরমুজ দেখে মন ভরে যায়। তবে তরমুজ চাষ অনেকটাই ভাগ্য ও আবহাওয়ার ওপর নির্ভরশীল। অনুকূল পরিবেশ থাকলে ভালো লাভ সম্ভব, আর প্রতিকূল হলে লোকসানের ঝুঁকিও থাকে।’ ধান কাটার পর ডাল বা মরিচের পরিবর্তে এখন তারা তরমুজ চাষে ঝুঁকছেন বলে জানান আরেক চাষি আফজাল হোসেন। তার ভাষায়, ‘আমাদের এলাকার তরমুজ স্বাদে আলাদা। ভেতরে টকটকে লাল, তাই বাজারে চাহিদাও বেশি।’ বিশেষজ্ঞদের মতে, দোআঁশ ও বেলে দোআঁশ মাটি তরমুজ চাষের জন্য উপযোগী। নদীবেষ্টিত এ অঞ্চলে দীর্ঘ সময় জমি পানির নিচে থাকা এবং নদীর জোয়ার-ভাটার ফলে পলিমাটি জমে উর্বরতা বাড়ে। ফলে তুলনামূলক কম সার ব্যবহার করেও ভালো ফলন পাওয়া যায়। বর্তমানে তরমুজ উৎপাদনে দেশের শীর্ষ জেলাগুলোর একটি পটুয়াখালী। পটুয়াখালী সদর, গলাচিপা, দশমিনা, বাউফল, রাঙ্গাবালী ও মির্জাগঞ্জ উপজেলায় তরমুজের আবাদ সবচেয়ে বেশি হয়। এখানকার অনেক তরমুজের ওজন ২০-২২ কেজি পর্যন্ত হয়ে থাকে। কৃষি বিভাগ জানায়, গত বছর জেলায় ২৭ হাজার ৩৫০ হেক্টর জমিতে তরমুজ চাষ হলেও এ বছর তা বেড়ে হয়েছে প্রায় ৩৪ হাজার ৪৮০ হেক্টরে। মৌসুমের শেষ দিকে এ পরিমাণ আরও বাড়তে পারে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. মো. আমানুল ইসলাম বলেন, ‘গত বছরের তুলনায় এ বছর তরমুজের আবাদ বেড়েছে। উৎপাদন ও বাজার পরিস্থিতি অনুকূলে থাকলে প্রায় ৩০০ কোটি টাকার বাণিজ্য হতে পারে।’ ‘কৃষকদের নিয়মিত পরামর্শ দেওয়া হচ্ছে। কুয়াশাজনিত পাতা পচা রোগ প্রতিরোধ ও অতিরিক্ত গরমে ফল ফেটে যাওয়া রোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনাও দেওয়া হয়েছে,’ যোগ করেন তিনি। মাঠপর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তারা কৃষকদের পাশে রয়েছেন বলেও জানান ড. আমানুল।

চরফ্যাশন সাংবাদিক ইউনিয়নের

ভোলা দক্ষিণ প্রতিনিধি আমির হোসেন, দৈনিক কালবেলা প্রতিনিধি মাইনুদ্দিন জমাদার, দৈনিক ভোরের কাগজের প্রতিনিধি সোহেব চৌধুরী, দৈনিক যায়যায়দিন প্রতিনিধি আমিনুল ইসলাম, দৈনিক কালের কণ্ঠ প্রতিনিধি কামরুল শিকদার, বাণিজ্য প্রতিদিনের জেলা প্রতিনিধি ইব্রাহিম খলিল সবুজ, বরিশাল বানী প্রতিনিধি আলমগীর হোসেন টিপু, শীর্ষ নিউজ ডটকমের প্রতিনিধি জুলকার নাঈম, এনপিবি নিউজের উপজেলা প্রতিনিধি হাবিবুর রহমান, দৈনিক আমার সংবাদ প্রতিনিধি মোঃ নুরনবী, এনটিভি্র প্রতিনিধি ইসরাফিল নাঈম, দৈনিক নিরপেক্ষ প্রতিনিধি মোঃ ফুয়াদ, আজকের ভোলা প্রতিনিধি মোঃ সফিউল্লাহ সফি, মানব সময় প্রতিনিধি সফিকুল ইসলাম, চ্যানেল ভোলা প্রতিনিধি মোঃ নোমান সহ অন্যান্য অতিথিবৃন্দ। ইফতার মাহফিলে মুসলিম উম্মাহর শান্তি, সমৃদ্ধির পাশাপাশি দেশ ও জাতির কল্যাণে এবং চরফ্যাশন প্রেসক্লাবের অসুস্থ প্রবীণ ২ সাংবাদিকদের জন্য দোয়া ও বিশেষ মোনাজাত করা হয়েছে।

সন্ধ্যা নদীর পাড়ে মিললো

উদ্ধার করে। উজিরপুর মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. রাকিবুল ইসলাম মরদেহ উদ্ধারের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, মরদেহ থানায় পুলিশ হেফাজতে রাখা হয়েছে। বৃহস্পতিবার সকালে মরদেহ বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হবে। ঘটনাটি তদন্তাধীন রয়েছে এবং আইনগত প্রক্রিয়া চলমান।

সাবেক ভূমিমন্ত্রীর যুক্তরাজ্যের ৫১৮ ফ্ল্যাট-অ্যাপার্টমেন্ট ক্রোকের আদেশ

কীর্তনখোলা ডেস্ক

সাবেক ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরীর (জাবেদ) নামে যুক্তরাজ্যে থাকা ৫১৮টি ফ্ল্যাট ও অ্যাপার্টমেন্ট ক্রোকের নির্দেশ দিয়েছেন আদালত। দুর্নীতির মাধ্যমে অর্জিত এসব সম্পদের দালিলিক মূল্য দেখানো হয়েছে ২৭ কোটি ১৮ লাখ ৫২ হাজার ৮৭২ পাউন্ড। বৃহস্পতিবার দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ মো. সাব্বির ফয়েজ এই আদেশ দেন। সংশ্লিষ্ট আদালতের বেঞ্চ সহকারী রিয়াজ হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। আদালত সূত্রে জানা গেছে, সাবেক এই মন্ত্রীর যুক্তরাজ্যের স্থাবর সম্পদগুলো ক্রোকের আবেদন করেন দুদকের উপপরিচালক মো. মশিউর রহমান। আবেদনে বলা হয়, সাইফুজ্জামান চৌধুরী ও তার সহযোগীদের বিরুদ্ধে অর্থপাচারের অভিযোগ তদন্তে দুদক, সিআইডি ও এনবিআরের সমন্বয়ে ৯ সদস্যের একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। গত বছরের ২১ সেপ্টেম্বর চট্টগ্রামের একটি বাড়িতে অভিযান চালিয়ে তার মামলার ২৩ বস্তা আলামত উদ্ধার করা হয়। তদন্তকারী সংস্থা জানায়, উদ্ধার হওয়া নথিপত্র বিশ্লেষণ করে সাইফুজ্জামান চৌধুরী ও তার সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে বিদেশে সম্পত্তি ক্রয়ের অসংখ্য মূল দলিল, চুক্তিপত্র, পেমেন্ট অর্ডার ও রসিদ পাওয়া গেছে। এসব নথির ভিত্তিতেই যুক্তরাজ্যে অবস্থিত বিপুল এই স্থাবর সম্পদের তালিকা প্রস্তুত করা হয়। সম্পদগুলো যাতে অন্য কোথাও হস্তান্তর বা স্থানান্তর করতে না পারেন, সে জন্যই ক্রোকের এই আবেদন জানানো হয়েছিল। সাইফুজ্জামান চৌধুরী ২০১৪ থেকে ২০১৮ সাল পর্যন্ত ভূমি প্রতিমন্ত্রী এবং ২০১৯ থেকে ২০২৩ সাল পর্যন্ত একই মন্ত্রণালয়ের পূর্ণ মন্ত্রীর দায়িত্ব পালন করেন। ২০২৪ সালের সংসদ নির্বাচনের আগে বিদেশে তার বিপুল সম্পদ গড়ার তথ্য প্রকাশ্যে এলে দেশজুড়ে ব্যাপক আলোচনার সৃষ্টি হয়।

হারিয়েছে

মো. মাইনুল ইসলাম মুনিম (৩২), পিতাঃ মো. ইউনুচ আলী মোল্লা, মাতাঃ মোসা. মাকসুদা খানম, জাতীয় পরিচয় পত্র নং : ২৮৪৪৭৯৬৬৫২, ঠিকানা (স্থায়ী)- নাচনা পাড়া, ১নং ওয়ার্ড, কলাপাড়া পৌরসভা, থানা- কলাপাড়া, জেলা- পটুয়াখালী। গত ৩০-০১-২০২৬ খ্রিঃ তারিখ অটোরিকশা যোগে কলাপাড়া বাজারে যাওয়ার পথে আমার এস এস সি পরিক্ষার প্রবেশ পত্র, রেজিষ্ট্রেশন কার্ড, সার্টিফিকেট এবং মার্কশিট হারিয়ে যায়। যাহার রোল নং ১৪২৮৮৭, রেজিঃ নং ৮৪৪৫৪৭, সেসন-২০০৯-২০১০, শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ খেপুপাড়া মাধ্যমিক বিদ্যালয়। সম্ভাব্য সকল জায়গায় খোঁজাখুজিঁর পর কোথাও না পেয়ে কলাপাড়া থানায় একটি সাধারন ডায়রী করি। যাহার জিডি ট্র্যাকিং নং- NKD1KZ, জিডি নং- ৬৯৬, তারিখঃ ২৪-০২-২০২৬।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ২৭ ফেব্রুয়ারি ২০২৬ ॥ ১৪ ফাল্গুন ১৪৩২

টিউলিপ সিদ্দিককে গ্রেপ্তারে রেড নোটিশ জারির আদেশ

কীর্তনখোলা ডেস্ক

ক্ষমতার অপব্যবহার করে গুলশান-২ ইস্টার্ন হাউজিং লিমিটেড থেকে অবৈধভাবে ফ্ল্যাট গ্রহণের অভিযোগে শেখ হাসিনার ভাগ্নি টিউলিপ রিজওয়ানা সিদ্দিকের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে রেড নোটিশ জারির নির্দেশ দিয়েছেন

৩ এর পাতায় দেখুন

হিটলার যুগের কৌশল অবলম্বন করছেন ট্রাম্প : তেহরান

কীর্তনখোলা ডেস্ক

ইরানি কর্মকর্তারা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক স্টেট অব দ্য ইউনিয়ন ভাষণে করা দাবিগুলো প্রত্যাখ্যান করেছেন। তাদের অভিযোগ, তেহরান ও ওয়াশিংটনের মধ্যকার আসন্ন পারমাণবিক আলোচনাকে ভেস্তে দিতে

৩ এর পাতায় দেখুন

কলাপাড়ায় বিনা খরচে গ্রাম আদালতে দুই বছরে ৯৮ মামলা নিষ্পত্তি

কলাপাড়া প্রতিনিধি

কলাপাড়ায় গত দুই বছরে মিঠাগঞ্জ ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতে বিনা খরচে ৯৮ টি মামলা নিস্পত্তি করা হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের মাধ্যমে উপজেলার ১২ টি ইউনিয়নে দরিদ্র ও অসহায় জনগনের বিচারিক সেবা নিশ্চিত করতে নানা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। মাত্র ২০ টাকা ফিস দিয়ে সাধারন মানুষ ক্রমেই গ্রাম আদালতে সেবা গ্রহণ করে সুফল পাচ্ছে। গ্রাম আদালত সুত্রে জানা গেছে, ২০২৩ সালের জুন থেকে এ কার্যক্রম শুরু হয়। তবে ২০২৪ সালের ফেব্রুয়ারী মাস থেকে গ্রাম আদালতে মামলা নেওয়া শুরু হয়ে থাকে। ২০২৪ সালের ফেব্রুয়ারী মাস থেকে ২০২৬ সালের ফেব্রুয়ারী প্রযন্ত মোট ২৪ মাসে ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে

৩ এর পাতায় দেখুন

ভোলায় গ্যাসভিত্তিক দুইশ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত

ভোলা প্রতিনিধি

ভোলায় গ্যাসভিত্তিক আরও ২০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের নীতিগত অনুমোদন পাওয়া গেছে। বিদ্যুৎ বিভাগের পাশাপাশি পেট্রোবাংলার পক্ষ থেকেও সায় পাওয়া গেছে বলে জানিয়েছেন বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি) চেয়ারম্যান প্রকৌশলী মোঃ রেজাউল করিম। ভোলার উদ্বৃত্ত গ্যাস এলএনজি আকারে আনার পরিবর্তে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্তকে যথাযথ বলে মন্তব্য করেছেন সংশ্লিষ্টরা। অন্তবর্তীকালীন সরকার ভোলা থেকে দৈনিক ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস আনার তোড়জোড় শুরু করেছিল। এলএনজি আনার পরিবর্তে ভোলায় বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হলে শুধু পরিবহন খরচ বাবদ রাষ্ট্রের ৯৩০০ কোটি টাকা সাশ্রয় হবে বলে দাবি করেছে বিপিডিবি। বিপিডিবির অতিরিক্ত পরিচালক (অর্থ পরিদফতর) সৈয়দ জুলফিকার আলী বার্তা২৪.কমকে বলেছেন, ভোলা থেকে এলএনজি আকারে গ্যাস আনার প্রস্তাবে প্রতি ঘনমিটারের পরিবহন খরচ প্রস্তাব করা হয়েছে ২৯.৯০ টাকা। প্রস্তাবিত ৩০ মিলিয়ন এলএনজি

৩ এর পাতায় দেখুন

ভোলায় ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ ডাকাত আটক

ভোলা প্রতিনিধি

ভোলায় ডাকাতির প্রস্তুতিকালে দেশীয় অস্ত্রসহ মহিউদ্দিন (৪০) নামের ডাকাত দলের এক সদস্যকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। এ সময় তার কাছ থেকে চাইনিজ কুড়াল, বগি দা ও ছুড়িসহ প্রায় ১০টি বিভিন্ন রকমের দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। আটক মহিউদ্দিন ভোলা সদর উপজেলার ইলিশা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের গুপ্তমুন্সি এলাকার খোকনের ছেলে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) বিকেলে তার বিরুদ্ধে মামলা দিয়ে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়। এর আগে মঙ্গলবার দিবাগত রাত ২টার দিকে একই ইউনিয়ানের চর ইলিশা গ্রামের সবুজ হাওলাদারের সুপারি বাগান থেকে তাকে আটক করা হয়। পুলিশ জানায়, মানুষের জানমালের নিরাপত্তায় ভোলা জেলা

৩ এর পাতায় দেখুন

পটুয়াখালীতে ৩শ কোটি টাকার তরমুজ বিক্রির লক্ষ্যমাত্রা

পটুয়াখালী প্রতিনিধি

গত কয়েক বছর ধরে তরমুজ চাষ ক্রমশ লাভজনক হওয়ায় পটুয়াখালীর প্রায় সবগুলো উপজেলায় বিস্তীর্ণ জমিতে আগাম জাতের নানা আকারের তরমুজ দেখা যাচ্ছে। এবার কমপক্ষে ৭ হাজার একর বেশি জমিতে তরমুজ চাষ হয়েছে। জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি মৌসুমে তরমুজ উৎপাদন, পরিবহন, বীজ ও সংশ্লিষ্ট খাত মিলিয়ে প্রায় ৩০০ কোটি টাকার বাণিজ্যের সম্ভাবনা রয়েছে। সেই সঙ্গে প্রায় ৩০০ কোটি টাকার তরমুজ বিক্রির লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে কৃষি বিভাগ। অন্যান্য মৌসুমের মতো এবারও তরমুজ চাষ ঘিরে স্বপ্ন বুনছেন চাষিরা। এই জেলায় পেশাদার কৃষকদের পাশাপাশি শিক্ষিত তরুণরাও

৩ এর পাতায় দেখুন

খাল পুনঃখননে বদলে গেছে তালতলীর কৃষকের ভাগ্য

বরগুনা প্রতিনিধি

তালতলী উপজেলার নিশানবাড়িয়া ইউনিয়নের ৯টি খালের ১৯ কিলোমিটার পুনঃখননের ফলে জলাবদ্ধতা ও সেচ সংকট দূর হয়েছে। এতে করে ওই ইউনিয়নের কয়েক হাজার প্রান্তিক কৃষক নতুন করে স্বপ্ন দেখতে শুরু করেছেন। সংশ্লিষ্টদের মতে, খালগুলো পুনঃখননের ফলে কৃষি ও মৎস্য উৎপাদন বাড়ার পাশাপাশি স্থানীয় জীববৈচিত্র্য সংরক্ষণেও ইতিবাচক প্রভাব পড়বে। জানা গেছে, নিশানবাড়িয়া ইউনিয়নের নলবুনিয়া, চিলুমাঝি, সুন্দরিয়া, তাঁতীপাড়া ও পাওয়াপাড়া-মোয়াপাড়াসহ মোট ৯টি খাল দীর্ঘদিন ধরে পলি জমে ভরাট হয়ে ছিল। ফলে শুষ্ক মৌসুমে সেচের অভাবে

৩ এর পাতায় দেখুন

চরফ্যাশন সাংবাদিক ইউনিয়নের দোয়া ও ইফতার মাহফিল

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশন সাংবাদিক ইউনিয়নের উদ্যোগে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। সোমবার (২৫ ফেব্রুয়ারি) সন্ধ্যায় চরফ্যাশনের খানদানি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে। চরফ্যাশন সাংবাদিক ইউনিয়নের আহবায়ক দৈনিক নয়া দিগন্তের উপজেলা প্রতিনিধি অধ্যক্ষ কামরুজ্জামানের সভাপতিত্বে ও সদস্য সচিব আমার দেশ প্রতিনিধি লোকমান হোসেনের সঞ্চালনায় ইফতার মাহফিলে উপস্থিত ছিলেন চরফ্যাশন প্রেসক্লাবের সিনিয়র সদস্য ও চরফ্যাশন সাংবাদিক ইউনিয়নের নির্বাহী সদস্য মাওলানা রুহুল আমিন ও নির্বাহী সদস্য দৈনিক সংগ্রামের প্রতিনিধি অধ্যাপক রেজাউল হাসান ইমরান। এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক আজকালের প্রতিনিধি শহিদুল ইসলাম দুলাল, দৈনিক যুগান্তর

৩ এর পাতায় দেখুন



পটুয়াখালীতে চরম নাব্যতা সংকট লঞ্চ চলাচলে ভোগান্তি

পটুয়াখালী প্রতিনিধি

দক্ষিণাঞ্চলের গুরুত্বপূর্ণ নৌপথের অন্যতম কেন্দ্র পটুয়াখালী লঞ্চঘাট বর্তমানে তীব্র নাব্যতা সংকটে পড়েছে। লোহালিয়া নদী-তে পলি জমে বিভিন্ন স্থানে চর জেগে ওঠায় ব্যাহত হচ্ছে লঞ্চ চলাচল। এতে করে লঞ্চচালক, শ্রমিক, যাত্রী ও সংশ্লিষ্ট ব্যবসায়ীরা পড়েছেন চরম ভোগান্তিতে। সরেজমিনে দেখা যায়, নদীর বিভিন্ন অংশে বালুচর সৃষ্টি হওয়ায় লঞ্চঘাটে আটকে যাচ্ছে লঞ্চ। অনেক সময় জোয়ারের পানির জন্য অপেক্ষা করতে হচ্ছে। ফলে যাত্রী ও লঞ্চ সংশ্লিষ্টদের দুর্ভোগ যেমন বাড়ছে, তেমনি আর্থিক ক্ষতির মুখে পড়ছেন নৌযান শ্রমিক, মালিক ও ব্যবসায়ীরাও। লঞ্চঘাট এলাকায় গিয়ে দেখা যায়, ঘাটের পল্টনের সামনের দিকে প্রায় দুই-তৃতীয়াংশ জুড়ে জেগে উঠেছে বালুকাময় চর। ভাটার সময় সেটি পুরোপুরি দৃশ্যমান হয়ে পড়ে। এ কারণে পল্টনের একেবারে শেষ প্রান্তে, পূর্ব কোণের তুলনামূলক গভীর পানির অংশে নোঙ্গর করে রাখা হয়েছে যাত্রীবাহী লঞ্চ প্রিন্স কামাল-১। এদিকে লঞ্চ চলাচলের

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
সকল মৎস্যজীবী জেলেদের নিরাপত্তা নিশ্চিত করা এবং
জলদস্যু মুক্ত বঙ্গোপসাগর ও জলদস্যুদের হামলা থেকে রক্ষা পাওয়ার দাবিতে
মানববন্ধন
আয়োজনে : বিএফডিসি আড়ৎদার মালিক সমিতি, পাথরঘাটা, বর

সুন্দরবন ও বঙ্গোপসাগরে ফের জলদস্যু আতঙ্ক, জেলেদের মানববন্ধন

পাথরঘাটা প্রতিনিধি

উপকূলীয় জনপদ পাথরঘাটাসহ আশপাশের এলাকায় আবারও জলদস্যু আতঙ্ক ছড়িয়ে পড়েছে। সম্প্রতি সুন্দরবন ও বঙ্গোপসাগর অঞ্চলে জেলে বহরে হামলা, অপহরণ, গুলি ও লুটপাটের একাধিক ঘটনার অভিযোগ উঠেছে। এসব ঘটনার প্রতিবাদে পাথরঘাটায় মানববন্ধন করেছেন মৎস্যজীবী ও ট্রলার শ্রমিকরা। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সকাল ১১টার দিকে পৌর শহরের গোলচত্বরে বরগুনা জেলা মৎস্যজীবী ট্রলার মালিক সমিতি, বিএফডিসি মৎস্য আড়তদার সমিতি, পাইকার সমিতি ও ট্রলার শ্রমিক ইউনিয়নের উদ্যোগে কর্মসূচি পালিত হয়। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর বরাবর স্মারকলিপি দেওয়া হয়। জেলেদের

৩ এর পাতায় দেখুন

সন্ধ্যা নদীর পাড়ে মিললো নিখোঁজ বৃদ্ধের লাশ

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে নিখোঁজের একদিন পর মোবারক হালাদার (৭৫) নামের এক বৃদ্ধের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (২৫ ফেব্রুয়ারি) বিকেল সাড়ে ৫টার দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের মেজর জলিল সেতুর উত্তর পাশসংলগ্ন এলাকা থেকে এ মরদেহ উদ্ধার করা হয়। নিহতের পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, মঙ্গলবার (২৪ ফেব্রুয়ারি) সকাল আনুমানিক ১০টার দিকে মোবারক হালাদার বাবুগঞ্জ উপজেলার বাহেরচর এলাকা থেকে নিখোঁজ হন। পরে বুধবার বিকেল ৫টার দিকে মেজর জলিল সেতুর উত্তর পাশের সন্ধ্যা নদীর পাড়ে স্থানীয়রা তার মরদেহ পড়ে থাকতে দেখে থানায় খবর দেন। খবর পেয়ে পুলিশ দ্রুত ঘটনাস্থলে গিয়ে মরদেহ

৩ এর পাতায় দেখুন

লালমোহনে অবৈধ বালু ব্যবসায়ীকে অর্থদণ্ড

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় মেঘনা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন ও পরিবহনের দায়ে মো. ফারুক নামে এক ব্যবসায়ীকে দেড় লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলার ধলীগৌরনগর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের কুমারখালী এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযানের মাধ্যমে এ অর্থদণ্ড প্রদান করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. রেজওয়ানুল হক।

৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় সড়ক দুর্ঘটনায় সহায়তা প্রদানে সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বৃহস্পতিবার উপজেলা প্রশাসন ও বিআরটিএর যৌথ উদ্যোগে 'সড়ক দুর্ঘটনায় নিহত বা আহতদের বিআরটিএ কতৃক আর্থিক সহায়তা প্রদান বিষয়ক'এক সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা রেহেনা আক্তারের সভাপতিত্বে, তার অফিস কক্ষে অনুষ্ঠিত সভায় কোন কোন ক্যাটাগড়িতে কত টাকা অনুদান এবং ঐ অনুদান পেতে ভূক্তভোগীদের করনীয় বিষয় উল্ল্যেখ করা হয়। এসময় বিআরটিএর সহকারী পরিচালক

৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে গভীর রাতে বসতঘরে লুটপাট ও অগ্নিসংযোগ

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের ইন্দুরকানীতে গভীর রাতে এক বাড়িতে অগ্নিসংযোগ করে লুটপাট ও হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় একজন ব্যক্তি গুরুতর আহত হয়েছেন। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) উপজেলার পাড়েরহাট ইউনিয়নের উত্তর বাড়ইখালী গ্রামে এ ঘটনা ঘটে। ঘটনায় আহত ব্যক্তির নাম রনজিত দাস (৪৫)। স্থানীয় সূত্রে জানা যায়, রাত আনুমানিক ৩টার দিকে একদল দুর্বৃত্ত রনজিত দাসের বসতঘরে আগুন দেয়। অভিযোগ

৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে জেলা প্রশাসনের উদ্যোগে বাজার মনিটরিং শুরু

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুর জেলায় পবিত্র রমজান উপলক্ষে নিত্যপণ্যের মূল্য সহনীয় রাখতে বাজার মনিটরিং করেছে জেলা প্রশাসন। বৃহস্পতিবার দুপুর থেকে পিরোজপুর পৌর বাজার পরিদর্শন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তানজিলা কবির ত্রপা। এ সময় তার সঙ্গে ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নাসরিন জাহান, নির্বাহী ম্যাজিস্ট্রেট রুবায়েদ ফেরদৌস এবং ব্যবসায়ী নেতৃবৃন্দ ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। বাজার

৩ এর পাতায় দেখুন

জুনিয়র বৃত্তি: বরিশাল জিলা স্কুলের ঈর্ষণীয় সাফল্য লাভ

কীর্তনখোলা রিপোর্ট

জুনিয়র বৃত্তি পরীক্ষায় (অস্টম শ্রেণি) অভাবনীয় সাফল্য অর্জন করেছে বরিশাল জিলা স্কুলের শিক্ষার্থীরা। ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষায় বিদ্যালয় থেকে অংশগ্রহণকারী ৯৭ জন শিক্ষার্থীর মধ্যে ৯৫ জন বৃত্তি লাভ করেছে। যারমধ্যে ৫৬ জন ট্যালেন্টপুলে স্থান অর্জন করে বিশেষ কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। সবমিলিয়ে বৃত্তি প্রাপ্তির হার দাঁড়িয়েছে প্রায় ৯৮ শতাংশ। যা জেলার শিক্ষা অঙ্গনে এক অনন্য দৃষ্টান্ত। এ অসাধারণ সাফল্যের কৃতিত্ব

৩ এর পাতায় দেখুন

উজিরপুরে ভয়াবহ অগ্নিকাণ্ডে পুড়লো আটটি বসত ঘর

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুর উপজেলার বড়াকোঠা ইউনিয়নের শের-ই বাংলা বাজার সংলগ্ন মল্লিক বাড়িতে ভয়াবহ অগ্নিকাণ্ডে আটটি বসতঘর সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) সকাল ১০টার দিকে হঠাৎ করে আগুনের সূত্রপাত ঘটে।

৩ এর পাতায় দেখুন

ইন্দুরকানীতে ইয়াবাসহ ছাত্রদল নেতা গ্রেফতার

ইন্দুরকানী প্রতিনিধি

পিরোজপুরের ইন্দুরকানীতে ছাত্রদল নেতাসহ ১২ পিস ইয়াবাসহ তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার রাত ১১টার দিকে উপজেলার চন্ডিপুর ইউনিয়নে অভিযান চালিয়ে তাদেরকে গ্রেফতার করে। বৃহস্পতিবার (২৬ ফেব্রুয়ারি) গ্রেপ্তারকৃতদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে। গ্রেপ্তারকৃতরা হলেন- চন্ডিপুর কেসি টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট টেকনোলজি কলেজ ছাত্রদলের সহ-সভাপতি ও কলারণ গ্রামের নজরুল খলিফার ছেলে মো. সিফাত ইসলাম (১৯), একই গ্রামের

৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

নিরাপদ ভ্রমন আমাদের অঙ্গীকার
পালকি এক্সপ্রেস
Palki Express
ভাণ্ডারিয়া-পিরোজপুর
নাজিরপুর-গোপালগঞ্জ
ঢাকা-গুলিস্তান
শ্যামলী- কল্যাণপুর
মিরপুর-কালশী-কচুক্ষেত
পরিচালনায়ঃ মোঃ বেল্লাল মল্লিক
সার্বিক তত্বাবধানেঃ মোঃ হেলাল উদ্দিন মল্লিক
ভাণ্ডারিয়া কাউন্টারঃ
01321-183180, 01771-486723

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com